হিন্দুস্থানী সঙ্গীত-পদ্ধতি

॥ দশম খণ্ড ॥

পণ্ডিত বিষ্ণুনারায়ণ ভাতখণ্ডে

সম্পাদনা

ধরিত্রী রায়

অসীমকুমার চট্টোপাধ্যায়

দীপায়ন : ২০ কেশবচন্দ্র সেন স্ট্রীট কলিকাতা-৭০০ ০০৯

Hindusthani Sangeet-Paddhati

by

Pandit Bishnunarayan Bhatkhande

Vol.—X

বঙ্গানুবাদ

সন্দীপন ভট্টাচার্য্য ॥ অসীমকুমার চট্টোপাধ্যায়

প্রকাশকাল ॥ কার্ত্তিক ১৩১৮

প্রকাশক ॥ রেণুকা সাহা

২০ কেশব সেন ষ্ট্রীট ॥ কলিকাতা ৭০০ ০০৯

প্রচ্ছদপট ॥ সন্দীপন ভট্টাচার্য

মুদ্রাকর ॥ দি প্যারট প্রেস

৭৬/২ বিধান সরণী ॥ কলিকাতা ৭০০ ০০৬

সঙ্গীতাচার্য সঙ্গীতশাস্ত্রী আলাউদ্দিন খাঁর

পুণ্য স্মৃতির উদ্দেশে

।। একাদশ খণ্ডের বিষয়সূচী ।।

চিহ্ন ও তাল পরিচিতি (তালের মাত্রা, নিয়ম এবং বোল)।

শাস্ত্রীয় পরিচয় :

বিষয় প্রবেশ ॥ আধুনিক অথবা লক্ষ্য-সংগীত। ইওরোপীয় সপ্তক। হিন্দুস্থানী সংগীত-পদ্ধতির সাধারণ নিয়মাবলী। রাগ বিষয়ে কিছু উপযুক্ত কথা। হিন্দুস্থানী সংগীত-পদ্ধতীয় ঠাট সংখ্যা। রাগসমূহকে প্রাতঃ এবং সায়নকালে স্থাপনের নিয়মাবলী। সন্ধিপ্রকাশ রাগ। প্রাতঃ ও সায়নকালীন রাগের সম্বন্ধ। কল্পদ্রুম রচয়িতা কর্তৃক হিন্দুস্থানী রাগসমূহের সময় রচনা। রাগের ঔজ্জ্বল্য বৃদ্ধি করার নিয়ম। রাগবিস্তার কববার নিয়মাবলী। সমপ্রাকৃত রাগ উচ্চারণ করবার নিয়মাবলী। মন্দ্র গায়ন। স্বরলিপি এবং তাঁর উপযোগীতা। অন্তর মার্গ। আদত, জিগর ও হিসাব। গীত রচনা।

ভৈরব ঠাটেব অপ্রসিদ্ধ রাগসমূহ :

বঙ্গাল ভৈরব, আনন্দ ভৈরব, সৌরাষ্ট্র ভৈরব, সৌরাষ্ট্র টংক, অহীর ভৈরব, শিবভৈরব বা শিবমতভৈরব, প্রভাতভৈরব বা প্রভাত, ললিত পঞ্চম, মেঘরঞ্জনী, গুণকরী বা গুণাক্রী, যোগিয়া, বিভাস, ঝীলক্, গৌরী ও জঙ্গুলা।

পূর্বী ঠাটের অপ্রসিদ্ধ রাগসমূহ :

গৌরী, ত্রিবেণী, টংকী বা শ্রীটংক, মালবী, রেবা, জেতশ্রী, দীপক, হর্ষ নারায়ণী ও মনোহর।

মারবা ঠাটের অপ্রসিদ্ধ রাগসমূহ :

পূর্ব্যা বা পুরবা, পূর্ব কল্যাণ, মালী গৌরা, জৈত বা জেত, বরাটী বা বরারী, বিভাস, পঞ্চম, ভটিহার বা ভটিয়ারী, ভঙ্খার, সাজগিরী ও ললিতা গৌরী।

কাফী ঠাটের অপ্রসিদ্ধ রাগসমূহের প্রথমাংশ :

সৈন্ধবী (সিন্দুরা), সিন্ধ, বরওয়া, পঞ্জাবী বরওয়া, ধনাশ্রী, ধানী, প্রদীপকী, হংসকংকণী, পলাসী, মধ্যমাদিসারঙ্গ, শুদ্ধ সারঙ্গ, বড়হংস সারঙ্গ, সামন্ত সারঙ্গ, মিয়াঁকী সারঙ্গ, লঙ্কদহন সারঙ্গ, পট মঞ্জরী, সুহা ও সুধরাই। (দ্বিতীয়াংশ দ্বাদশ খণ্ডে)

স্বরবিস্তার ও এই তিপ্পান্নটি রাগের অন্তর্ভুক্ত ১৮০টি গানের বাণী।

প্রকাশনা প্রসঙ্গে

পণ্ডিত বিষ্ণুনারায়ণ ভাতখণ্ডে বিরচিত 'হিন্দুস্থানী সঙ্গীত পদ্ধতি'র দশম খণ্ড প্রকাশিত হল। আশা করা যাচ্ছে এই বৎসরের মধ্যেই সবকটি খণ্ড প্রকাশ করা সম্ভবপর হবে। কাগজের দুষ্প্রাপ্যতা এবং অস্বাভাবিক মূল্য-বৃদ্ধি, বিদ্যুতাভাবে ছাপাখানার কাজের অসুবিধা ইত্যাদি কারণে খণ্ডগুলি দ্রুত প্রকাশ করা সম্ভবপর না হওয়ার জন্য গুণী পাঠক ও শুভানুধ্যায়ীদের নিকট আমরা ক্ষমাপ্রার্থী।

এই খণ্ডে শাস্ত্রীয় পরিচয়ের সাথে কল্যাণ ঠাঠের রাগসমূহ যথা—রাগ চন্দ্রকান্ত, সাওয়নী কল্যাণ, জেত কল্যাণ, শ্যাম কল্যাণ, মালশ্রী। বিলাবল ঠাঠের রাগসমূহ যথা—রাগ হেমকল্যাণ, যমনী বিলাবল, দেবগিরি বিলাবল, ঔড়ব দেবগিরি, সরপরদা, লচ্ছাসাখ, শুক্ল বিলাবল, কুকুভ, নট, নট নারায়ণ, নট বিলাবল, পট বেহাগ, কামোদ নাট, কেদার নাট, নট বিহাগড়া, নট বেহাগ, সাওয়নী, মলুহা কেদার, মলুহা, জলধর, জলধর কেদার, দুর্গা, ছায়া, ছায়া তিলক, গুণকেলি, পহাড়ী, মাঁড়, মেবাড়া, পট মঞ্জরী, হংসধ্বনী, দীপক। খাম্বাজ ঠাঠের রাগসমূহ যথা—রাগ ঝিঁঝোটি, খমবাবতী, তিলংগ, দুর্গা, রাগেশ্বরী, গারা, সোরট, নারায়ণী—এই পয়তাল্লিশটি রাগের মোট ১৮৬টি গান স্বরলিপিসহ দেওয়া হয়েছে। বইটির মারাঠী ও হিন্দি সংস্করণ অনুযায়ী সমস্ত বিষয় মূলানুগ রাখলেও কিছু কিছু রাগের নাম এবং গানের শব্দ আমরা বাঙলায় প্রচলিত উচ্চারণ অনুযায়ী দিয়েছি। স্বরলিপির শেষে প্রতিটি রাগের বিস্তারিত স্বরবিস্তার দেওয়া হয়েছে এবং গানের বাণীগুলিকে আলাদা করে দেওয়া হয়েছে পরিশিষ্ট হিসেবে।

দ্রুত প্রকাশ করার তাগিদে অনবধানতাবশত কিছু কিছু ছাপার ভুল রয়ে যাচ্ছে, পরবর্তী সংস্করণে এইসব ভুল নিশ্চিত সংশোধন করা সম্ভবপর হবে বলে আশা করছি।

ভারতীয় শাস্ত্রীয় সংগীতের এই চিরায়ত গ্রন্থ প্রকাশ করতে গিয়ে যখনই প্রয়োজন হয়েছে অকৃপণ সহযোগিতা এবং উৎসাহ দিয়ে যাঁরা সাহায্য করেছেন, সেইসব প্রাজ্ঞ সঙ্গীতজ্ঞমহোদয় ও সঙ্গীতানুরাগী সুহৃদগণকে আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

১০/১(ক)

।। দ্বাদশ খণ্ডের বিষয়সূচী ।।

চিহ্ন ও তাল পরিচিতি (তালের মাত্রা, নিয়ম এবং বোল)।

শাস্ত্রীয় পরিচয় :

বিষয় প্রবেশ! প্রাচীন এবং মধ্যযুগ থেকে বর্তমানকাল পর্যন্ত সংগীতের ক্রমবিবর্তন। গত দুই শতকের প্রাকৃত এবং উর্দু সংগীত গ্রন্থ। মধ্যযুগে রাগসমূহের বর্গীকরণ পদ্ধতি। বর্তমান যুগের শ্রুতিস্বর-বাদ। রাগের ব্যাখ্যা-কালে 'স্বর' ও 'বর্ণ' শব্দের ব্যুৎপত্তি ও তাৎপর্য। জাতি ও নিবদ্ধ গান। রাগালাপ। বাদী-সমবাদী। রাগ-গায়নের অর্থ ও পদ্ধতি। কণ্ঠস্বর (আওয়াজ) অভ্যাস বা তানালাপ। সাধারণ শ্রোতাদের উপর রাগবহুল সংগীতের প্রভাব। পছন্দ এবং এর পরিণাম। সংগীতের উপর কথার (গান) প্রভাব। সংগীতের মারাঠীকরণ। অভিরুচি সংগীত সম্মেলনের উপর বর্তমান পরিস্থিতির প্রভাব সংগীত শিক্ষার্থীদের প্রগতি। রাগ ও রস। রাগ আলাপে সাংসারিক জীবনের সঠিক প্রতিফলন। সংগীতজীবীদের বিভাগ। বাগ্গেয়কার। কলাবন্ত। সংগীত শিক্ষক। সংগীত শাস্ত্রকার। কণ্ঠস্বরের তারতম্য অনুযায়ী সংগীত শিক্ষার্থীদের বিভাজন। সংগীত সংস্থা।

কাফী ঠাটের অপ্রসিদ্ধ রাগসমূহ :

সুহা-সুঘরাউ, শাহনা, নায়কী কান্হাড়া, দেশাখ্য (দেয়সাখ্য), কৌশিককান্হাড়া (কৌঁসী), মেঘমল্লার, সুরমল্লার, রামদাসী মল্লার, নট মল্লার, মীরা বাঈকী মল্লার, চরজু কী মল্লার, চঞ্চলসম মল্লার, ধুলিয়া মল্লার, রূপমঞ্জরী মল্লার, শ্রীরঞ্জনী, আভোগী, চন্দ্রকোঁস, গৌড়, মালগুঞ্জ।

আশাবরী ঠাটের অপ্রসিদ্ধ রাগসমূহ :

দেশী, কোমলদেসী, গান্ধারী, দেব গান্ধার, খট, খট তোড়ী, ঝিলক, গোপিকাবসন্ত, সিন্ধ ভৈরবী।

ভৈরবী ঠাটের অপ্রসিদ্ধ রাগসমূহ :

বিলাসখানী তোড়ী, মোটকী, ভূপালতোড়ী, উত্তরী গুণকলী, বসন্ত মুখারী।

তোড়ী ঠাটের অপ্রসিদ্ধ রাগসমূহ :

গুর্জরীতোড়ী, লাচারী তোড়ী, লছমী তোড়ী, বহাদুরী তোড়ী, অঞ্জনী তোড়ী।

স্বরবিস্তার ও এই আটত্রিশটি রাগের ১৩৪টি গানের বাণী।

অনুক্রমণিকা

॥ ব্যবহৃত স্বরচিহ্ন পরিচিতি ॥

রে, গ, ধ, নি—এই স্বরগুলির নিচে ' – ' এরকম আড়াআড়ি রেখা থাকলে কোমল স্বর আর না থাকলে শুদ্ধ স্বর বলে বুঝতে হবে।

ম—এই স্বরটিকে শুদ্ধ মধ্যম তথা কোমল বলে বুঝতে হবে।

মঁ এই প্রকার স্বরকে তীব্র মধ্যম বলে বুঝতে হবে।

· যে স্বরের নিচে এরকম বিন্দু দেওয়া আছে, সেই স্বরটি মন্দ্র-সপ্তকের এবং যে স্বরের ওপরে এরকম বিন্দু দেওয়া আছে, সেই স্বরটি তার-সপ্তকের অন্তর্গত বলে বুঝতে হবে।

⌴, ‿ এই চিহ্নের মধ্যস্থ স্বরগুলিকে এক মাত্রা কালে গাইতে বা বাজাতে হবে।

⌐¬, ⌒ এই চিহ্নের সাহায্যে কোন্ স্বর থেকে কোন্ স্বর পর্যন্ত মীড় আছে, তা বোঝানো হয়েছে।

– যে স্বরের আগে এই চিহ্ন আছে, সেই স্বরকে একমাত্রা বাড়িয়ে গাইতে হবে। এরকম চিহ্ন না থাকলে ঐ সময়টুকুকে বিশ্রাম বলে বুঝতে হবে।

ঽ গানের কথার মধ্যে যেখানে এরকম অবগ্রহ-চিহ্ন দেওয়া আছে, সেখানে গানের অক্ষরের অন্তিম স্বরটিকে (আ-কার উ-কার ইত্যাদি) একমাত্রা কাল বাড়াতে হবে। যেমন দাঽ = দাআ।

( ) এরকম বন্ধনী চিহ্নের মধ্যে লিখিত স্বরগুলির পরের স্বর, বন্ধনীভুক্ত স্বরটি, তার আগের স্বর এবং আবার ঐ স্বরটি—এই চারটি স্বরকে একমাত্রায় গাইতে হবে। যেমন (প) = ধপমপ, (ম) = পমগম, সা = রেসানিসা।

কোথাও কোথাও স্বরের উপরে কিছু স্বর দেওয়া হয়েছে। এগুলিকে স্পর্শ স্বর বা আলঙ্কারিক স্বর (Grace Note) বলা হয়। এই সূক্ষ্ম স্পর্শ স্বরগুলি নতুন শিক্ষার্থীরা ঠিকমতো ফুটিয়ে তুলতে না পারলেও তার জন্য রাগের কোন হানি ঘটবে না। কিন্তু এগুলিকে ঠিকমতো ফুটিয়ে তুলতে পারলে গান অনেক মনোহর হয়ে উঠবে।

× এই চিহ্নের সাহায্যে তালের 'সম' দেখানো হয়েছে। 'সম'-কে প্রথম তাল ধরে নিয়ে শেষ তালটিকেও এক আবর্তনের পর ঐ জায়গাতেই ফিরিয়ে আনতে হবে।

• এই চিহ্ন দ্বারা তালের খালি জায়গা বোঝানো হয়েছে। অর্থাৎ ঐ জায়গায় কোন তাল থাকবে না।

তাল-পরিচিতি

(মাত্রা, নিয়ম ও বোল)

দাদরা (ছয় মাত্রা), ঝাঁপতাল (দশ মাত্রা), চৌতাল (বারো মাত্রা), একতাল (বারো মাত্রা), আড়া চৌতাল (চৌদ্দ মাত্রা), ধামার তাল (চৌদ্দ মাত্রা), দীপচন্দী তাল (চৌদ্দ মাত্রা), তিলওয়ারা (ষোলো মাত্রা) এবং ত্রিতাল (ষোলো মাত্রা) ইত্যাদির মাত্রা নিয়ম ও বোল প্রথম খণ্ডে এবং রূপকতাল (সাত মাত্রা) সুলতাল (দশ মাত্রা) ব্রহ্ম তাল (আটাশ মাত্রা) দ্বিতীয় খণ্ডে এবং তীব্রা তাল (সাত মাত্রা), ঝুম্‌রা তাল (চৌদ্দ মাত্রা) চতুর্থ খণ্ডে এবং রূপকতাল (সাতমাত্রা), গজঝম্পা তাল (পনেরো মাত্রা), শিখর তাল (সতেরো মাত্রা) ও মত্ত তাল (আঠারো মাত্রা) সপ্তম খণ্ডে সন্নিবেশিত করা হয়েছে। সেই কারণে অপ্রয়োজনবোধে এই খণ্ডে আর দেওয়া হলো না।

হিন্দুস্থানী সঙ্গীত-পদ্ধতি

॥ শাস্ত্রীয় পরিচয় ॥

মঙ্গলাচরণ

প্রণম্য শিরসা দেবং দত্তাত্রেয়ং দিগম্বরম্ ।
সর্ববিঘ্নোপশান্ত্যর্থেং কর্তব্যম্ কর্তুমারভে ॥

শাস্ত্রীয় বিবরণ

বিষয়প্রবেশ

আমাদের এই ক্রমিক পুস্তকমালার প্রথম নয়টি খণ্ডে সুপরিচিত ১০টি ঠাঠ থেকে উদ্ভূত মোট ৪৫টি রাগের প্রায় সাড়ে তেরো শত গান মুদ্রিত হয়েছে। এছাড়া বিভিন্ন খণ্ডে প্রদত্ত হয়েছে নাদ, স্বর, সপ্তক, ঠাঠ প্রভৃতি পারিভাষিক শব্দের ব্যাখ্যা, কিভাবে সপ্তক থেকে ঠাঠ গড়ে ওঠে, একটি সপ্তক থেকে এ-রকম কতগুলি ঠাঠ গড়ে উঠতে পারে, ঠাঠ থেকে রাগ গড়ে ওঠে কিভাবে তার আলোচনা, শ্রুতি ও স্বরস্থান, মার্গ ও দেশী সঙ্গীত, আলাপ, রাগলক্ষণ, জাতি, স্থায়, মুখচালন, নিবন্ধ গান, তান, গানের মধ্যে খেয়াল, টপ্পা প্রভৃতি পার্থক্য এবং দাক্ষিণাত্যের তালপদ্ধতি—এ-সব বিষয়ও স্থান পেয়েছে আমাদের আলোচনায়।

এখন এই পুস্তকমালার এই খণ্ডে এবং পরবর্তী দুটি খণ্ডে শাস্ত্রীয় ও ঐতিহাসিক বিষয়গুলি সম্বন্ধে শেষ কিছু আলোচনা করে আমাদের সঙ্গীত-পদ্ধতি সংক্রান্ত আলোচনার ইতি টানব আমরা। এই খণ্ডে থাকছে প্রাচীন (গ্রন্থোক্ত) সঙ্গীত এবং আরও কিছু বিষয়। পরবর্তী দুটি খণ্ডে থাকবে আধুনিক (লক্ষ্য) সঙ্গীত, রাগ বিষয়ক কিছু গুরুত্বপূর্ণ আলোচনা এবং হিন্দুস্থানী সঙ্গীতের মধ্যকালীন ইতিহাস ও আগামী দিনের সঙ্গীত বিষয়ক কিছু বিশ্লেষণ।

প্রাচীন সঙ্গীত

ভরত ও শার্ঙ্গদেবের শ্রুতিসমূহ

আজকাল কোন কোন পণ্ডিত তাঁদের রচনায় যে ২২টি শ্রুতির কথা 'রত্নাকর' গ্রন্থটি থেকে প্রাপ্ত বলে উল্লেখ করে থাকেন, প্রকৃতপক্ষে সেগুলি কিন্তু ঐ গ্রন্থের অন্তর্ভুক্ত নয়।

পণ্ডিত শাঙ্গ'দেব তাঁর 'সঙ্গীত রত্নাকর' গ্রন্থে নিজের শ্রুতিরচনার কথা ব্যক্ত করেছেন নিম্নোক্ত শ্লোক দুটির সাহায্যে :

ব্যক্তহে কুর্ম'হে তাসাং বীণাদ্বন্দ্বে নিদর্শ'নম্ ।
দ্বেবীণে সদৃশে কার্যে' যথানাদঃ সমো ভবেত্ ॥
তয়োর্দ্বাবিংশতিস্তন্ত্রাঃ প্রত্যেক তাসু চাদিমা ।
কার্যা মন্দ্রতমধ্বানা দ্বিতীয়োচ্চধ্বনিম'নাক্ ॥
স্যান্নিরন্তরতা শ্রুত্যোর্ম'ধ্যে ধ্বন্যন্তরা শ্রুতেঃ ॥

পণ্ডিত শাঙ্গ'দেব শ্রুতির একটি স্থায়ী (নিয়ত) প্রমাণের কথা স্বীকার করেছেন এবং নিজের ২২টি শ্রুতিকেই সমান বলে ধরে নিয়েছেন।

তিনি বলছেন :

চতুশ্চতুশ্চতুশ্চৈব ষড়্‌জমধ্যমপঞ্চমাঃ ।
দ্বে দ্বে নিষাদগান্ধারো ত্রিস্ত্রী ঋষভধৈবতো ॥

এইভাবে সাতটি স্বর থেকে ২২টি শ্রুতিকে বিভাজিত করে প্রতিটি শুদ্ধ স্বরকে নিজের পুস্তকে উল্লিখিত শেষ শ্রুতিটির উপর স্থাপিত করেছেন তিনি। এভাবে যে শ্রুতি-স্বর-ব্যবস্থা উদ্ভূত হয়, তা এই পুস্তকমালার পূর্ব'বর্তী একটি খণ্ডে বর্ণি'ত হয়েছে। তাই এখানে তার পুনরাবৃত্তি করার কোন প্রয়োজন নেই। তিনি বলেছেন যে আমাদের শ্রবনেন্দ্রিয়ের সাহায্যে যে নাদগুলিকে স্পষ্টভাবে ভিন্ন ভিন্ন রূপে চিনে নেওয়া যায়, সেগুলিই 'শ্রুতি' এবং একটি সপ্তকে এ-রকম শ্রুতির সংখ্যা ২২টির বেশি হতে পারে না। অর্থাৎ প্রতিটি সপ্তকে মোট ২২টি করে নাদ থাকে। তিনি বলেছেন, 'এবং কণ্ঠে তথা শীর্ষে শ্রুতির্দ্বাবিংশতিম'তা।' এই শ্রুতিগুলিকে কিভাবে স্থাপন করা হবে সে সম্বন্ধে নিম্নোক্ত শ্লোকে শাঙ্গ'দেব বলছেন :

কার্যামন্দ্রতমধ্বানা দ্বিতীয়োচ্চধ্বনিম'নাক্ ।
স্যান্নিরন্তরতা শ্রুত্যোর্ম'ধ্যে ধ্বন্যন্তরাশ্রুতে ॥

অর্থাৎ এই হিসাব অনুসারে শ্রুতির অনুপাত (অন্তর) স্থিরীকৃত করা হয়েছে। অতি মন্দ্র নাদে একটি তার যোগ করার পর তার থেকে অল্প উঁচু অর্থাৎ শ্রবণেন্দ্রিয়ের সাহায্যে স্পষ্টভাবে ভিন্ন বলে চিনতে পারার মতো উঁচু দ্বিতীয় একটি নাদ গ্রহণ করতে হবে এবং এই প্রথম ও দ্বিতীয় নাদের যে পারস্পরিক অনুপাত (ratio), সেই অনুপাতটাই (অন্তর) দ্বিতীয় ও তৃতীয়, তৃতীয় ও চতুর্থ' এবং চতুর্থ' ও পঞ্চম ইত্যাদি নাদের মধ্যে বজায় রেখে চলতে হবে। এইভাবে নাদ-স্থাপন করলে একটি সপ্তকে একের পর এক 'চতুর্থ' উচ্চ স্থান' এবং' এবং সাধারণ মানুষের শ্রবণেন্দ্রিয়ের সাহায্যে পৃথক পৃথকভাবে

অনুভবযোগ্য মোট ২২-টি নাদ সৃষ্টি হয় আর নাদ-অনুপাতের বিচারে প্রতিটি শ্রুতি সমান হয়ে থাকে।

ভরত তাঁর 'নাট্যশাস্ত্র' গ্রন্থে প্রায় এ-ধরণেরই শ্রুতির কথা বলেছেন। তবে তাঁর বিবরণে আমরা ভিন্ন উদাহরণ ও ভিন্ন শব্দের প্রয়োগ দেখতে পাই। ভরতপ্রদত্ত বিবরণ নিম্নোক্ত শ্লোকে বিধৃত হয়েছে ঃ

ষড়্‌জশ্চতুঃশ্রুতির্জ্ঞেয় ঋষভস্ত্রিশ্রুতিস্তথা।
দ্বিশ্রুতিশ্চৈব গান্ধারো মধ্যমশ্চ চতুঃশ্রুতিঃ॥
চতুঃশ্রুতিঃ পঞ্চমা স্যাদ্ধৈবতস্ত্রিশ্রুতিস্তথা।
নিষাদো দ্বিশ্রুতিশ্চৈব ষড়্‌জগ্রামে ভবন্তি হি॥

মধ্যম-গ্রামের ব্যাপারে এই প্রকার নিয়মের কথা বলা হয়েছে :

ষড়্‌জগ্রামে পঞ্চমে স্বচতুর্থশ্রুতিসংস্থিতে।
স্বোপান্ত্যশ্রুতি সংস্থেঽস্মিন্ মধ্যমগ্রাম ঈষ্যতে॥

অর্থাৎ, যে নাদ-রচনায় 'পঞ্চম'-কে সপ্তদশতম শ্রুতির ওপর স্থাপন করা হয় তা 'ষড়জগ্রাম' এবং যেখানে সেটিকে ষোড়শতম শ্রুতির ওপর স্থাপন করা হয় তা 'মধ্যম-গ্রাম'। মধ্যম-গ্রাম থেকে পঞ্চম সৃষ্টি করার জন্য যে জ্ঞাত অনুপাত (অন্তর) যুক্ত হয়, তাকেই শ্রুতির অনুপাত বলে মনে করা হয়। ভরত বলেছেন যে, যে-কোন দুটি শ্রুতির মধ্যে একটিকে অবশ্যই ধ্বনি-প্রমাণ হতে হবে। এ থেকে ধরে নেওয়া যায় যে ত্রয়োদশ শতাব্দীতে শার্ঙ্গদেবের শ্রুতি-স্বর রচনা পঞ্চম শতাব্দীতে লিখিত ভরতের রচনার ভিত্তিতেই গড়ে উঠেছিল।

শ্রুতি-স্থান নিশ্চিত করার জন্য ভরত এবং শার্ঙ্গদেব যে প্রয়োগবিধির কথা বলেছেন, তা থেকে বোঝা যায় যে শ্রুতিসমূহ জ্যামিতিক প্রগতি (Geometrical progression) অনুযায়ী একের পর অন্যটি ক্রমাগত চড়া হতে থাকে। বীণার সাহায্যে শ্রুতির অনুপাত নির্ণয় করার কথা বলেছেন ভরত।

এগুলির মধ্যে একটি বীণা 'ধ্রুব' বা 'অচল' বীণা এবং এটি 'চতুশ্চতুশ্চতুশ্চৈব'-এর অনুপাত অনুযায়ী ষড়্‌জ-গ্রামের (অর্থাৎ সপ্তদশতম শ্রুতির ওপর 'পঞ্চম' স্থাপিত হওয়ার গ্রাম) সঙ্গে মিলে থাকে। দ্বিতীয় বীণাটিকে শুরুতে ঠিক এভাবেই মিলিয়ে নিয়ে প্রতিবার একটি করে শ্রুতি নামিয়ে এনে মোট চার বার নামাতে হয়। এর ফলে প্রারম্ভিক ষড়্‌জ স্বরটির নিষাদ পর্যন্ত নেমে সম্পূর্ণ হবে। প্রতিটি প্রত্যাবর্তনকে 'সারণা' নামে দিয়ে সম্পূর্ণ প্রক্রিয়াটিকে সেই সময়েই 'সারণাচতুষ্টয়' নামে চিহ্নিত করা হয়েছিল। এই প্রক্রিয়ার সাহায্যে তিনি প্রমাণ করে দিয়েছিলেন যে ষড়্‌জ স্বরটি চার শ্রুতিবিশিষ্ট হয়ে থাকে এবং সমস্ত শ্রুতিই স্থির অনুপাতবিশিষ্ট ও সমান। ভরত আর শার্ঙ্গদেবের

মধ্যে পার্থক্য একটাই : বীণায় ৭-টি তার বেঁধেছেন ভরত; আর শাঙ্গ'দেব বেঁধেছেন ২২-টি তার। কিন্তু দুজনেই যে শ্রুতিসমূহ স্থির অনুপাতবিশিষ্ট ও সমান হয়ে থাকে এবং একটি সপ্তকে এ-রকম মোট ২২-টি শ্রুতি থাকা সম্ভব। এ ব্যাপারে 'মরিস কলেজ অফ হিন্দুস্থানী মিউজিক'-এর 'সঙ্গীত' (ত্রৈমাসিক) পত্রিকায় শ্রীযুক্ত ফড়কে-র একটি প্রবন্ধ প্রকাশিত হয়েছে। উৎসাহী পাঠক প্রবন্ধটি পড়ে দেখতে পারেন। লেখাটির মর্মবস্তু হল—হাল আমলের কোন কোন বিদ্বজ্জন পাশ্চাত্যের আন্দোলন-শাস্ত্র থেকে উদ্ভূত অসমান শ্রুতি-অনুপাতগুলিকে স্বীকার করে নিয়ে ভরত ও শাঙ্গ'দেবের তত্ত্বের ভিত্তিতেই সেগুলি গড়ে উঠেছে বলে প্রমাণ করার যে চেষ্টা করছেন, তা নিতান্তই ভ্রান্ত।

শিক্ষাগ্রন্থ

ভরত ও শাঙ্গ'দেবের থেকে প্রাচীন যুগের দিকে চোখ ফেরালে দুটি গ্রন্থ আমাদের নজরে পড়ে : 'নারদীয় শিক্ষা' আর 'মাণ্ডুকী শিক্ষা।' এই গ্রন্থ-গুলিতে বিভিন্ন জীবের ধ্বনির সঙ্গে তুলনা করে স্বরসমূহের বর্ণনা করা হয়েছে এবং স্বরগুলির বিভিন্ন রঙ (নাম) ভাগ করে দেওয়া হয়েছে। কিন্তু এই দুটি গ্রন্থে শ্রুতি-স্বর-স্থানের ব্যাপারে কোনরকম আলোচনা পাওয়া যায় না, কাজেই সেদিক থেকে এগুলি আমাদের পক্ষে তেমন প্রয়োজনীয় নয়।

স্বরমেলকলানিধি

এবার দাক্ষিণাত্যের পণ্ডিত রামামাত্য বর্ণিত শ্রুতি-স্বর-পদ্ধতির দিকে চোখ ফেরানো যাক। শাঙ্গ'দেবের মতো রামামাত্যও শ্রুতি মোট ২২-টি বলে ধরে নিয়েছেন এবং সেগুলিকে প্রাচীন নামেই চিহ্নিত করে বলেছেন যে প্রতিটি স্বর তার অন্তিম শ্রুতিটির ওপরেই শুদ্ধ স্বরে পরিণত হয়। এই হিসাব অনুযায়ী এই প্রতিটি স্বরের শুদ্ধ বা অচ্যুত ষড়্জ চতুর্থ শ্রুতির ওপর, শুদ্ধ ঋষভ সপ্তম শ্রুতির ওপর, শুদ্ধ গান্ধার নবম শ্রুতির ওপর, শুদ্ধ বা অচ্যুত মধ্যম ত্রয়োদশ শ্রুতির ওপর, শুদ্ধ পঞ্চম সপ্তদশ শ্রুতির ওপর, শুদ্ধ ধৈবত বিংশতিতম শ্রুতির ওপর এবং শুদ্ধ নিষাদ দ্বাবিংশতিতম শ্রুতির ওপর পড়ে। রামামাত্য তাঁর গ্রন্থে শুদ্ধ গান্ধারকে 'পঞ্চশ্রুতিক ঋষভ' এবং শুদ্ধ

নিষাদকে 'পঞ্চশ্রুতি ধৈবত' নামে চিহ্নিত করেছেন। এগুলি ছাড়া শেষ বিকৃত স্বরগুলির নাম 'রত্নাকর'-এর মতোই। 'রত্নাকর' গ্রন্থে শুদ্ধ ও বিকৃত মিলিয়ে মোট ১২-টি স্বরের কথাই বলা হয়েছে। এগুলির তুলনামূলক নাম কয়েক পৃষ্ঠা পরে প্রদত্ত তালিকা থেকে স্পষ্টভাবে বোঝা যাবে। 'স্বরমেলকলানিধি' গ্রন্থে সাতটি শুদ্ধ ও সাতটি বিকৃত স্বর মিলিয়ে মোট ১৪-টি স্বরের কথা উল্লিখিত হয়েছে। শার্ঙ্গদেবের আমলে যে পদ্ধতি প্রচলিত ছিল তা রামামাত্যের আমলে প্রচলিত ছিল না। তখন মধ্যম-গ্রামকে ভিন্ন বলে মনে করা হত না। যাবতীয় রাগ গড়ে উঠত একটি সপ্তক থেকেই। পঞ্চমকে তার নিজস্ব স্থান থেকে সরানো হত না। ষড়্‌জ, মধ্যম এবং পঞ্চমের 'চ্যুত' অবস্থা স্বীকৃত ছিল না। 'রত্নাকর'-এর সময়কালে নিষাদ স্বরের দুটি সুপ্রচলিত বিকৃতি পরিচিত ছিল কৈশিক নিষাদ ও কাকলী নিষাদ নামে। ষড়্‌জের তৃতীয় শ্রুতিটি গ্রহণ করে থাকে নিষাদ—এই কারণে রামামাত্য এটিকে 'চ্যুতষড়্‌জনিষাদ' নামে চিহ্নিত করেছিলেন। তাঁর মতে মধ্যমের তৃতীয় শ্রুতিটির গ্রহীতা গান্ধার হচ্ছে 'চ্যুতমধ্যমগান্ধার' এবং পঞ্চমের তৃতীয় শ্রুতিটির গ্রহীতা মধ্যম হল 'চ্যুত-পঞ্চমমধ্যম'। ঐতিহাসিক বিচারে এই ক্রমিক পরিবর্তনের ধারাটি বিশেষভাবে লক্ষণীয়। সাধারণ গান্ধার ও কৈশিক নিষাদকে রামামাত্য চিহ্নিত করেছেন 'ষট্‌শ্রুতিক রে' এবং 'ষট্‌শ্রুতিক ধ' নামে। রামামাত্য কথিত শুদ্ধ রে এবং ধ স্বর দুটি পরিণত হয়েছে আমাদের কোমল রে-ধ-তে, তাঁর শুদ্ধ গ এবং নি স্বর দুটি আমাদের কোমল গ-নি তে পরিণত হয়ে চলেছে আর তাঁর অন্তর-গান্ধার ও কাকলী নিষাদ হয়ে উঠছে আমাদের শুদ্ধ গ এবং নি। রামামাত্যের গ্রন্থে প্রদত্ত শুদ্ধ-বিকৃত স্বরগুলি আজও দক্ষিণ ভারতে তাঁর প্রদত্ত নামেই প্রচলিত।

রাগবিবোধ

'রাগবিবোধ' রচয়িতা পণ্ডিত সোমনাথ বীণায় ২২-টি তার বাঁধা সংক্রান্ত শার্ঙ্গদেবের পদ্ধতির পরিবর্তন করে বীণায় ২২ টি পর্দা বাঁধার কথা বলেছেন। বীণায় চারটি তার বেঁধে প্রথম তিনটি তার ষড়্‌জের তিনটি শ্রুতিতে মেলানো এবং চতুর্থ তারটিকে শুদ্ধ বা অচ্যুত ষড়্‌জে রাখার কথা বলেছেন তিনি। প্রথম তিনটি তারের 'সামান্য উচ্চ ধ্বনি'-র অনুপাত অনুযায়ী একের পর এক উঁচু তার লাগিয়ে চতুর্থ তারটিকে ষড়্‌জ বলে ধরেছেন পণ্ডিত সোমনাথ। 'রত্নাকর'-এ উল্লিখিত বিকৃত স্বরগুলির নাদ বাড়িয়ে বিকৃত স্বরগুলিকে পনেরটি নাম দিয়েছেন তিনি। কিছু পরে প্রদত্ত তালিকায় তাঁর উল্লিখিত স্থানগুলি উপস্থাপিত করা হয়েছে।

সঙ্গীতসময়সার ও সদ্রাগচন্দ্রোদয়

'সঙ্গীতসময়সার' গ্রন্থটির রচয়িতা পণ্ডিত পার্শ্বদেব। এ গ্রন্থে তিনি 'রত্নাকর'-এ প্রদত্ত নিয়মগুলিই উদ্ধৃত করেছেন। শ্রুতি ও স্বরভেদ সম্বন্ধে উদ্ধৃত করেছেন মতঙ্গ প্রভৃতি পণ্ডিতদের কথা। 'সদ্রাগচন্দ্রোদয়' রচয়িতা পুণ্ডরীক বিঠ্ঠল তাঁর গ্রন্থে প্রাচীন যাবতীয় চিন্তাভাবনার কথাই উল্লেখ করেছেন, তবে তিনি কোন্ প্রত্যক্ষ স্বর-ধ্বনি প্রয়োগ করতেন তা তাঁর বীণা ব্যবহার থেকে বোঝা যায়। তাঁর বীণার তার রামামাত্যর বীণার তারের মতো করেই মেলানো হত। স্বর-স্থান প্রসঙ্গে তিনি বলেছেন:

আদ্যানুমন্দ্রাহ্বয় ষড়্জতন্ত্র্যা। শুদ্ধো যথা স্যাদৃষভস্তথাদ্যা ॥
সারী নিবেশোত তথা দ্বিতীয়া। তন্ত্র্যা তথা শুদ্ধগসিদ্ধি হেতোঃ ॥
সারী তৃতীয়াঽপি তথৈব তন্ত্র্যা। হ্যধীয়েত সাধারণ গস্য সিদ্ধ্যৈ।
সারী চতুর্থী লঘুমধ্যমস্য। সিদ্ধ্যৈ তথা তন্ত্রিকয়া তথৈব ॥
তন্ত্র্যা তয়া পঞ্চম সারিকা চ। নিধীয়তে শুদ্ধমসাধনায় ॥
সারী নিবেশ্যা চ তথৈব ষষ্ঠী। তন্ত্র্যা তথৈবং লঘুপাহ্বয়ায় ॥

তবে দুটি স্বরের মধ্যান্তরে কোন্ কি (মাপের) পরিমান শ্রুতি রাখতে হবে, সে প্রশ্নের কোন উত্তর 'চন্দ্রোদয়'-এ খুঁজে পাওয়া যায় না। শার্ঙ্গদেব তাঁর বাদ্য সংক্রান্ত অধ্যায় যে বিবরণ দিয়েছেন, সেই অনুযায়ীই নিজের 'স্বর-বীণা'-য় ১৪-টি পরদা বাঁধতেন পুণ্ডবীক বিঠ্ঠল। তাঁর শ্রুতি-বীণা পৃথক ছিল।

সংস্কৃত গ্রন্থকারদের তুলনামূলক শ্রুতি-স্বর রচনা

সংস্কৃত গ্রন্থকারদের শ্রুতি এবং স্বর, সেগুলির নাম ও স্থান স্পষ্টভাবে বোঝা যাবে ১৮ পৃষ্ঠার এই তুলনামূলক তালিকাটি থেকে:

তালিকায় উল্লিখিত পণ্ডিত বেঙ্কটমখী লিখেছিলেন 'চতুর্দণ্ডিপ্রকাশিকা' নামক গ্রন্থটি আর ভাবভট্ট হচ্ছেন 'অনুপরত্নাকর', 'অনুপবিলাস' এবং 'অনুপাঙ্কুশ' গ্রন্থের রচয়িতা। তালিকায় উল্লিখিত সমস্ত গ্রন্থকারীই দক্ষিণ-পদ্ধতির অনুসারী।

সংস্কৃত গ্রন্থকারদের তুলনামূলক শ্রুতি-স্বর রচনা

সংখ্যা	শ্রুতিনাম	স্বর	ভরত	স্বর	শাঙ্গ'দেব	স্বর	রামামাত্য	স্বর	সোমনাথ	স্বর	পুণ্ডরীক	স্বর	বেঙ্কটমখী	স্বর	তুলজাধিপ	স্বর	ভাবভট্ট
১	তীব্রা	...	...	...	কৈশিক	...	কৈশিক	...	কৈশিক	...	কৈশিক	...	কৈশিক	...	কৈশিক	...	কৈশিক
২	কুমুদ্বতী	...	কাকলী	...	কাকলী	...	কাকলী	...	কাকলী	...	কাকলী	..	......	..	কাকলী	...	কাকলী
৩	মন্দা	...	...	.	চ্যুতষড়্জ	.	চ্যুতষড়্জ নি		মৃদু সা	...	লঘু সা	.	কাকলী	.	বি.ষড়. নি	...	ত্রিগ. নি
৪	ছন্দোবতী	সা	...	সা	অচ্যুৎ সা	সা	...	সা	......	সা	......	সা	......	সা	......	সা	......
৫	দয়াবতী	...	...	...	......	...	... ...	...	......	...	......	...	... ..	...	......	...	......
৬	রঞ্জনী	...	...	...	......	...	... ...		......	...	......	...	....		......	...	......
৭	রক্তিকা	রে	...	রে	বিকৃত রে	রে	...	রে	......	রে	......	রে	......	রে	......	রে	......
৮	রৌদ্রী	...	...	..	......	...	... ...	...	তীব্র রে	...	তীব্র রে	...	......	..	......	...	......
৯	ক্রোধা	গ	...	গ	......	গ	পঞ্চশ্রুতি রে	গ	তীব্রতর রে	গ	......	গ	....	গ	পঞ্চশ্রুতি রে	গ	......
১০	বজ্রিকা	...	...	...	সাধারণ	...	সাধারণ	...	তীব্রতম রে	...	সাধারণ	...	সাধারণ	..	সাধারণ	...	সাধারণ
১১	প্রসারিণী	...	অন্তর	...	অন্তর	...	অন্তর	...	অন্তর	...	অন্তর	.	....	...	অন্তর	...	অন্তর
১২	প্রীতি	..	..		চ্যুত ম	...	চ্যুত মধ্যম গ	...	মৃদু মধ্যম	...	লঘু ম		অন্তর		বি. মধ্যম গ	...	ত্রিগ. গ
১৩	মার্জনী	ম	...	ম	অচ্যুত ম	ম	... ...	ম	.....	ম	......	ম	... .	ম	...	ম	... .
১৪	ক্ষিতি	...	...	...	......	...	... ..	.	...	...	পঞ্চশ্রুতি ম	...	... ...	..	... ..	...	......
১৫	রক্তা	.	...	...	... ..		... .	...	তীব্রতম ম	...	... ..		. ...	...	...	..	......
১৬	সন্দীপনী	...	..	...	কৈশিক প	...	চ্যুত পঞ্চম ম		মৃদু প	.	লঘু প	...	বরালী ম	...	বি. পঞ্চম ম	..	বি পঞ্চম
১৭	আলাপিনী	প	...	প	......	প	... ...	প	... ..	প	. ...	প	......	প	.. ...	প	......
১৮	মদনী	...	...	...	......		.. ..	.	......	...	......	. .	. ...	...	... ..	...	......
১৯	রোহিণী	...	...	...	. ...	...	... ...	...	... ..	.	......	...	... .	...	...	...	......
২০	রম্যা	ধ	...	ধ	বিকৃত ধ	ধ	... ...	ধ	. ...	ধ	......	ধ	......	ধ	. ..	ধ	... ..
২১	উগ্রা	..	...	...	...	...	...		তীব্র ধ	...	তীব্র ধ	..	......	...	......	..	... .
২২	ক্ষোভিণী	নি	...	নি	......	নি	পঞ্চশ্রুতি ধ	নি	তীব্রতর ধ	নি	......	নি	......	নি	পঞ্চশ্রুতি ধ	নি	......

সঙ্গীতপারিজাত

এবার দক্ষিণ ভারতের পণ্ডিত অহোবলের 'সঙ্গীতপারিজাত' নিয়ে আলোচনা করব। অহোবল তাঁর স্বর-স্থান স্থির করার একটি নতুন ও অত্যন্ত গুরুত্বপূর্ণ পদ্ধতি নির্ণয় করেছেন। তিনি তাঁর স্বরগুলি ব্যক্ত করেছেন বীণার তারের দৈর্ঘ্যের সাহায্যে। এই পদ্ধতিটি যদি পণ্ডিত শার্ঙ্গদেব বুঝে উঠতে পারতেন, তাহলে আজ তাঁর গ্রন্থে যে-সব ভুলত্রুটি নজরে পড়ছে সেগুলি ঘটত না। অহোবলের পরিভাষাসমূহ দক্ষিণ ভারতের অন্যান্য পণ্ডিতদের মতো না হলেও তিনি তাঁর বীণায় ১২-টি পর্দাই লাগিয়েছিলেন এবং সেগুলি লাগানোর পদ্ধতিও ছিল দক্ষিণ ভারতের অন্যান্য পণ্ডিতদের মতোই। শুধু তাই নয়, তাঁর অধিকাংশ স্বর-স্থানও তাঁর একান্ত নিজস্ব ছিল। এই স্বর-স্থানগুলির কথা আমরা এই পুস্তকমালার পূর্ববর্তী একটি খণ্ডে উল্লেখ করেছি। 'রাগতত্ত্ববিবোধ' রচয়িতা পণ্ডিত শ্রীনিবাস ছিলেন অহোবলেরই মতানুসারী। অহোবলের পুস্তকে বর্ণিত স্বর-স্থানগুলি তিনি প্রমাণ করেছিলেন। পূর্বাঙ্গ ও উত্তরাঙ্গের স্বরসমূহের পারস্পরিক সম্পর্ক দেখাতে গিয়ে অহোবল বলছেন :

> ষড়্‌জপঞ্চমভাবেন ষড়্‌জে জ্ঞেয়াঃ স্বরা বুধৈঃ।
> গনিভাবেন গান্ধারে মসভাবেন মধ্যমে ॥

এই 'ষড়্‌জ-পঞ্চম ভাব'-টিই ইউরোপিয় সঙ্গীতে 'Harmony of the fifth' নামে পরিচিত এবং প্রাচীন গ্রীসের 'পিথাগোরিয় সপ্তক' ও (পিথাগোরাসের দ্বারা আবিষ্কৃত) গড়ে উঠেছিল এই নিয়ম অনুসারেই। অহোবলের শুদ্ধ ঠাঠ বর্তমানে প্রচলিত কাফী ঠাঠের মতোই।

দক্ষিণ ভারতের শুদ্ধ স্বর-সপ্তক এবং আমাদের এখানে প্রচলিত স্বরগুলির তুলনামূলক বর্ণনা করা যায় এইভাবে :

দক্ষিণের শুদ্ধ স্বর	হিন্দুস্থানী শুদ্ধ স্বর
১। সা	সা
২। রে	কোমল রে
৩। গ	শুদ্ধ রে
৪। ম	ম
৫। প	প
৬। ধ	কোমল ধ
৭। নি	শুদ্ধ ধ

এই শুদ্ধ সপ্তককে দক্ষিণ ভারতে 'মুখারী' নামে চিহ্নিত করা হয়। কোন-এক সময় এই সপ্তকই হয়ত 'রত্নাকর' প্রভৃতি সংস্কৃত গ্রন্থের শুদ্ধ স্বর-সপ্তক ছিল। এই সপ্তকের মধ্যে আমাদের এখানে প্রচলিত গান্ধার ও নিষাদ স্বর দুটির কোন অস্তিত্ব নেই। উত্তর ভারতে ঐ সময়ে প্রচলিত শুদ্ধ সপ্তক আমাদের প্রচলিত কাফী-সপ্তকের মতোই ছিল। বর্তমানে উত্তর ভারতে বিলাবলের শুদ্ধ স্বর-সপ্তকই প্রচলিত। অহোবলের মতে শ্রুতি এবং স্বরের মধ্যে আদৌ কোন পার্থক্য নেই। তাঁর মত হল এই যে মোট ২২-টি গীতোপযোগী নাদের মধ্যে থেকে যতগুলি নাদকে আমরা একটি রাগে ব্যবহার করব, স্বর এবং শেষ শ্রুতিও ঠিক ততগুলিই হবে।

রাগতরঙ্গিণী

এই গ্রন্থটির রচয়িতা পণ্ডিত লোচন। এতে বর্ণিত স্বর-সপ্তক অহোবল বর্ণিত শুদ্ধ স্বর-সপ্তকের মতোই! এই গ্রন্থটিও উত্তর ভারতীয় পদ্ধতির অনুসারী। 'পারিজাত' এবং 'তরঙ্গিণী'-র স্বর-শ্রুতির তুলনামূলক সারণী ২১ পৃষ্ঠায় দেওয়া হল:

বিভিন্ন গ্রন্থে প্রদত্ত শ্রুতি-স্বর-প্রকরণের মর্মার্থ

১। শ্রুতি একটি সূক্ষ্ম স্বরান্তর। এর মধ্যে গীতোপযোগিতা এবং অভিজ্ঞেয়তা থাকা আবশ্যক। আমাদের প্রচলিত সপ্তকে এ-রকম ২২ টি সূক্ষ্ম ভাগ করার রীতি চালু আছে। ভরত এবং শার্ঙ্গদেব স্থির অনুপাতবিশিষ্ট শ্রুতির পক্ষপাতী ছিলেন। কিন্তু ঐ আমলে প্রচলিত দুটি গ্রামের পঞ্চমের পারস্পরিক অনুপাতই ছিল শ্রুতির প্রত্যক্ষ অনুপাত। ঐ গ্রামগুলি বিলুপ্ত হয়ে যাওয়ার ফ'ল এখন সেই অনুপাতটি নির্ণয় করা নিতান্তই দুঃসাধ্য। তাছাড়া গণিত থেকে গৃহীত অনুপাত ওভাবে উপযোগী হতেও পারে না, কারণ ঐ অনুপাতের সাহায্যে যে স্বর সামনে আসে তা আজ আর প্রচলিত হতে পারে না। আর তা সম্ভব হলেও তার কোন উপযোগিতা থাকেনা। এই দুজন গ্রন্থকারের পরবর্তীকালে শ্রুতির কোন স্থির অনুপাত আর গৃহীত হয় নি। আধুনিক সঙ্গীতের ক্ষেত্রে এ সত্য আমাদের স্বীকার করতেই হবে। এ মতের ব্যাখ্যা অবশ্য এই নয় যে তাদের অমুক-দৈর্ঘ্যে'র আওয়াজ কিংবা অমুক আন্দোলন-নাদই শ্রুতিই। এর ব্যাখ্যা এ-ও নয় যে একটি মধ্যান্তরের শ্রুতিগুলির অনুপাত দ্বিতীয় মধ্যান্তরের শ্রুতিগুলির

অহোবল এবং লোচনের শুদ্ধ বিকৃত স্বর

সংখ্যা	শ্রুতি-নাম	শুদ্ধ স্বর	বিকৃত স্বর: অহোবল	বিকৃত স্বর: লোচন কবি	প্রয়োগের স্বর
৪	ছন্দোবতী	সা	...	...	...
৫	দয়াবতী	...	পূর্ব রে	...	...
৬	রঞ্জনী	...	কোমল রে	...	কোমল রে
৭	রক্তিকা	রে	পূর্ব গ	তীব্র রে	...
৮	রৌদ্রী	...	কোমল গ	তীব্রতর রে	...
৯	ক্রোধা	গ	...	.	..
১০	বজ্রিকা	...	...	তীব্র গ	তীব্র গ
১১	প্রসারিণী	...	...	তীব্রতর গ	...
১২	প্রীতি	...	...	তীব্রতম গ	...
১৩	মার্জনী	ম	...	অতিতীব্রতম গ	...
১৪	ক্ষিতি	...	...	তীব্র ম	...
১৫	রক্তা	...	..	তীব্রতর ম	তীব্রতর ম
১৬	সন্দীপনী	...	...	তীব্রতম ম	...
১৭	আলাপিনী	প	.	...	...
১৮	মন্দতী	...	পূর্ব ধ	...	...
১৯	রোহিনী	...	কোমল ধ	...	কোমল ধ
২০	রম্যা	ধ	পূর্ব নি	. .	...
২১	উগ্রা	. .	কোমল নি	তীব্র ধ	...
২২	ক্ষোভিনী	নি	...	তীব্রতর ধ	...
১	তীব্রা	...	...	তীব্র নি	তীব্র নি
২	কুমুদ্বতী	...	..	তীব্রতর নি	...
৩	মন্দা	...	...	তীব্রতম নি	...
৪	ছন্দোবতী	...	...	...	...

সঙ্গে মিলে যাবেই। আমাদের মধ্যযুগের পণ্ডিতরা শ্রুতি সংক্রান্ত বিতর্কে যেতেনই না। শাস্ত্রোক্ত শ্রুতি-সংখ্যা এবং স্বরসমূহের মধ্যে বিভাজন শ্রদ্ধার সঙ্গে স্বীকার করে নিয়ে তাঁরা রাগপদ্ধতি সংক্রান্ত আলোচনায় অগ্রসর হতেন। তাঁরা দুটি স্বরের মধ্যান্তরকে শাস্ত্রোক্ত সংখ্যার সাহায্যে সমানভাবে ভাগ করে সেগুলিকেই শ্রুতি বলে ধরে নিতেন, তবে প্রত্যক্ষ ব্যবহার এবং রাগবর্ণনার ক্ষেত্রে পরম্পরাগত বারটি (বা চৌদ্দটি) স্বরকেই কাজে লাগাতেন তাঁরা।

২। শ্রুতি এবং স্বরের মধ্যে বাস্তবে কোন প্রভেদ নেই। যে-কোন রাগের ক্ষেত্রে প্রযোজ্য বাইশটি নাদের মধ্যে সাতটি নাদকে বলা হয় 'স্বর' এবং শেষটিকে বলা হয় 'শ্রুতি'।

সর্বুচ্চ শ্রুতয়স্তত্ত্বদ্রাগেষু স্মরতাং গতাঃ।
রাগহেতুত্বং এতাসাং শ্রুতি সংজ্ঞৈব সম্মতা॥

৩। অতিকোমল, তীব্রতর ইত্যাদি স্বরগুলি অলঙ্কারিক স্বর। বর্তমানে সব জায়গাতেই একটি সপ্তকের মধ্যে শুদ্ধ ও বিকৃত স্বরগুলিকে স্থাপন করে সঙ্গীত রচনা করা হয়। ভরত ও শার্ঙ্গদেবের সময়কার গ্রাম, মূর্চ্ছনা এবং জাতির পদ্ধতি এখন আর চালু নেই এখন আমাদের রাগবর্ণনা বর্জ্যাবর্জ্য স্বর, বাদী, সম্বাদী, ঠাট এবং জন্য রাগ প্রভৃতি পদ্ধতির সাহায্যেই করা উচিত। কোন রাগ গাওয়ার সময় অতিকোমল, তীব্রতম, তীব্রতর স্বরসঙ্গতি তৈরি রেওয়াজী কণ্ঠের স্বররচনার কারণে আপনা থেকেই গলায় ঠিকমতো লেগে যায়। স্বরসমূহের যথাযথ 'উচ্চারণ' ভালভাবে সাধা থাকলে যে স্বর যেখানে যতটা উঁচু বা নীচু করে লাগানো উচিত, তা আপনা-আপনিই ঠিক সেইভাবে লেগে যায়।

৪। অহোবল স্পষ্টভাবেই স্বীকার করেছেন যে অতিকোমল রে এবং ধ অর্থাৎ ৫-ম ও ১৮ তম শ্রুতিকে দাক্ষিণের কোন গ্রন্থকারই ব্যবহার করেন নি। রামামাত্য, সোমনাথ, বেঙ্কটমখী প্রমুখ পণ্ডিতরা তো দুটি শ্রুতির রে এবং ধ-কেও ব্যবহার করতেন না। পুণ্ডরীক বিঠ্‌ঠল বলেছেন ঃ

পঞ্চম্যষ্টাদশী ষষ্ঠী তথা চৈকোনবিংশতিঃ।
চতস্রঃ শ্রুতয়শ্চৈতা রাগাদ্যৈরপ্রযোজকাঃ॥

৫। দাক্ষিণ ভারতের শুদ্ধ স্বরগুলির স্থান একেবারে নিম্নতম অবস্থায় হয়ে থাকে। উত্তর ভারতের দিকে এগুলি মধ্য অবস্থায় হয়ে থাকে, অর্থাৎ এগুলির দুটি বিকৃতি—কোমল (নেমে আসা রূপ) এবং তীব্র (চড়া রূপ)—দেখা যায়।

৬। যে-কোন স্বর তার শুদ্ধ স্থান থেকে কিছুটা সামনে বা পিছনে সরে গেলে তা বিকৃত হয়ে যায়। কোন স্বর বিকৃত হয়ে গেলে তার আগের ও পরের স্বরগুলির সঙ্গে তার মূল সম্বন্ধও পাল্টে যায়।

৭। ভরত ও শার্ঙ্গদেবের শুদ্ধ স্বর-সপ্তক কেমন ছিল, তা বোঝার আজ আর কোন উপায় নেই। 'রাগতরঙ্গিণী' এবং 'পরিজাত'-এর শুদ্ধ স্বর-সপ্তক ছিল কাফীর। প্রচলিত হিন্দুস্থানী পদ্ধতির শুদ্ধ স্বর-সপ্তক হচ্ছে বিলাবলের। স্বরসমূহের আন্দোলন সংখ্যাকে গাণিতিক দৃষ্টিভঙ্গী অনুযায়ী বিচার করলে 'তরঙ্গিণী' ও 'পারিজাত'-এর শুদ্ধ সপ্তকের স্বরগুলির কম্পন সংখ্যা ২৪০, ২৭০, ২৮৮, ৩২০, ৩৬০, ৪০৫, ৪৩২ এবং ৪৮০ হবে। আমাদের শুদ্ধ সপ্তকের (বিলাবল) স্বরগুলির আন্দোলন সংখ্যা হবে ২৪০, ২৭০, ৩০১$\frac{১৭}{৪৩}$, ৩২০, ৩৬০, ৪০৫, ৪৫২$\frac{৪}{৪৩}$ এবং ৪৮০।

বাদী-সম্বাদী স্বরের শ্রুত্যন্তর পরিমাপ করা হবে কিভাবে ?

বাদী-সম্বাদী স্বর সাধারণত ষড়্‌জ-পঞ্চম-ভাবের সাহায্যেই অনুভব করা হয়। প্রায়শই বাদী স্বরের পরের পঞ্চম স্বরটি সম্বাদী হয়ে থাকে। এ নিয়মে কিছু ভুলভ্রান্তি থাকলেও এটিই হচ্ছে চালু নিয়ম। এভাবে নির্ধারিত সম্বাদী স্বরটি যদি ঐ রাগে বর্জ্য হয়ে থাকে, যেমন 'সা রে গ ম প ধ র্সা', আরোহের ঔড়ুব রাগে বাদী গান্ধার এবং এর সাধারণ সম্বাদী নিষাদ যদি ঐ রাগে বর্জ্য হয়, তাহলে তার নিকটবর্তী অর্থাৎ চতুর্থ (আমাদের উদাহরণে ধৈবত) অথবা ষষ্ঠ (আমাদের উদাহরণে ষড়্‌জ) স্বরটি সম্বাদী হয়ে থাকে। তবে সম্বাদী স্বর বাদী স্বরের যত কাছাকাছির হয় ততই ভাল মনে করে চতুর্থ স্বরটিকেই সাধারণত গ্রহণ করা হয়।

শুদ্ধ ও বিকৃত জাতি

রাগ-গায়ন চালু হওয়ার আগে জাতি-গায়নই চালু ছিল। এই ক্রমিক পুস্তকমালার সপ্তম খণ্ডের পয়ত্রিশ পৃষ্ঠায় জাতির লক্ষণ বর্ণিত হয়েছে। জাতির দুটি ধরনের কথা বলেছেন শার্ঙ্গদেব—শুদ্ধ ও বিকৃত। এই বিবরণ পাওয়া যাবে 'রত্নাকর'-এর 'স্বরাধ্যায়' নামক সপ্তম অধ্যায়ে। ঠিক কোন্ স্বরান্তরকে 'জাতি' বলা হয়, তা আজও পর্যন্ত সঠিকভাবে নিরূপণ করা যায় নি। 'রত্নাকর'-এ বর্ণিত শুদ্ধ-স্বর-ঠাট এখনও পর্যন্ত যথাযথভাবে নির্ণীত হয় নি, তবে খুব সম্ভবত তা 'মুখারী'-ই হবে। 'রত্নাকর' গ্রন্থের 'উপাঙ্গ' অধ্যায়ে

আমাদের অনেক রাগের বিবরণ পাওয়া যায়। শার্ঙ্গদেবের মতে শুদ্ধ জাতির সংখ্যা সাতটি। সাতটি স্বরের নাম অনুসারে তিনি এগুলিকে 'ষাড়্জী', 'আর্ষভী', 'গান্ধারী', 'মধ্যমা' প্রভৃতি নামে চিহ্নিত করেছেন। তাঁর মতে শুদ্ধ জাতির লক্ষণ হল—যে জাতিতে জাতির নামবাচক স্বরটিই ন্যাস, অপন্যাস, অংশ ও গ্রহ স্বর হয়ে থাকে, যা সর্বদাই সম্পূর্ণ এবং তার-স্থানে যার কখনোই ন্যাস থাকে না, তা-ই শুদ্ধ জাতি। ন্যাসের নিয়মটি ঠিক রেখে অন্য বিষয়-গুলির পরিবর্তন ঘটালে জাতি বিকৃত হয়ে যায়। তখন তাকে 'শুদ্ধ-বিকৃত' বলা হয়। এইভাবে প্রতিটি শুদ্ধ জাতির অনেকগুলি বিকৃত রূপ হতে পারে। শার্ঙ্গদেব বলেছেন ঃ

> সম্পূর্ণত্বগ্রহাংশাপন্যাসেষ্বেকৈক বর্জনাত্‌।
> ভবন্তি ভেদাশ্চত্বারো দ্বয়োস্ত্যাগে তু ষণ্মতাঃ ॥
> ত্যাগে ত্রয়াণাং চত্বার একস্ত্যক্তে চতুষ্টয়ে।
> ভেদাঃ পঞ্চদশৈবৈতে ষাড়্জ্যাঃ সদ্ভির্নিরূপিতাঃ ॥
> তত্রাষ্টৌ পূর্ণতাহীনাঃ ষাড়বৌড়ুবভেদতঃ।
> অতোহষ্টাবধিকা আর্ষভ্যাদিষ্বৌড়ুবজাতিষু ॥
> অতস্ত্রয়োবিংশতিধা ষট্‌সু প্রত্যেকমীরিতাঃ।

এইভাবে 'ষাড়্জী' জাতির পনেরটি 'বিকৃত সংসর্গজ' জাতি হতে পারে এবং আর্ষভী, গান্ধারী প্রভৃতি শেষ ছয়টি জাতির প্রত্যেকটি থেকে গড়ে উঠতে পারে তেইশটি করে জাতি। সব মিলিয়ে বিকৃত জাতির সংখ্যা মোট ১৫৩-টি। এগুলিই হচ্ছে শুদ্ধ-বিকৃত জাতি। সংসর্গজ বিকৃত জাতি এগারটি। তবে আজকের দিনে এইসব জাতি-পদ্ধতির কোন প্রত্যক্ষ উপযোগিতা নেই, কেননা তাঁর শুদ্ধ স্বর-ঠাট কোন্‌টি ছিল, নিজের বীণায় তিনি কয়েকটি তার লাগাতেন এবং সেগুলিকে কোন্‌ কোন্‌ স্বরের সঙ্গে মেলাতেন - এগুলির কোনটাই আমরা জানতে পারি না 'রত্নাকর' থেকে।

মূর্চ্ছনার অর্থ এবং তার প্রয়োগকৃত পরিবর্তন

মধ্যযুগীয় পণ্ডিতদের আমলে একটিমাত্র গ্রামই স্বীকৃত ছিল। প্রাচীন গ্রাম, মূর্চ্ছনা এবং জাতিসমূহ প্রচলিত ছিল না। গানের মধ্যে 'জাতি'-র প্রয়োগ করা হত না। 'গ্রাম' এবং মূর্চ্ছনা' শব্দ দুটি প্রচলিত থাকলেও নতুন পরিস্থিতিতে সেগুলির ব্যবহার আর আগের মতো ছিল না। শ্রীনিবাস বলেছেন :

আদাবুদগৃহ্যতে যেন স তানোদ্‌গ্রাহসংজ্ঞকঃ।
আদ্যন্তয়োশ্চানিয়মস্তানে যত্র প্রজায়তে॥
স্থায়ী তানঃ সবিজ্ঞেয়ো লক্ষ্যলক্ষণকোবিদৈঃ।
সঞ্চারী স তু বিজ্ঞেয়ঃ স্থায়্যারোহাবিমিশ্রিতঃ॥
যত্র রাগস্য বিশ্রান্তিঃ সমাপ্তিদ্যোতকো হি সঃ।

সৈন্ধব রাগের সর্বপ্রথম উদাহরণ শ্রীনিবাস এইভাবে দিয়েছেন :

শুদ্ধমেলোদ্ভবঃ পূর্ণো ধৈবতাদিক মূর্চ্ছনা।
আরোহে গনিবর্জ্যঃ স্যাদ্রাগঃ সৈন্ধবনামকঃ॥

অতঃপর সরগম থেকে উদাহরণ দিয়ে অমুক 'উদ্‌গ্রাহ,' অমুক 'সঞ্চারী,' অমুক 'মুক্তায়ী' প্রভৃতিও উল্লেখ করেছেন তিনি। এখানে 'ধৈবতাদিক মূর্চ্ছনা' হচ্ছে প্রথম উদ্‌গ্রাহ খণ্ড, অর্থাৎ তিনি বলছেন ধৈবত থেকে শুরু হওয়া মূর্চ্ছনাটি হবে—ধ সা রে ম প ম। গ্‌ রে সা নি্‌ ধ্‌ ধ্‌ সা। অহোবলও ঠিক এই ব্যাখ্যা দিয়েছেন এবং এই মূর্চ্ছনার কথাই বলেছেন। অহোবল কথিত—'আদাবুদগৃহ্যতে যেন স তানোদ্‌গ্রাহকারকঃ', এই বাক্যটি গ্রহণ করেছেন শ্রীনিবাস। 'মেল' হচ্ছে মূর্চ্ছনার পরবর্তী অবস্থা। অর্থাৎ মূর্চ্ছনার আধার হল মেল, মেলের আধার গ্রাম, গ্রামের আধার শুদ্ধ স্বর এবং স্বরসমূহের আধার হচ্ছে শ্রুতি—ক্রমটা এ-রকম। রাগ সম্পূর্ণ. ষাড়ব এবং ঔড়ব হওয়ার দরুন মেলকেও ঐ-রকমই হতে হত, কিন্তু তার বিস্তারের ক্ষেত্রে ষড়্‌জ থেকে ষড়্‌জ পর্যন্ত গিয়ে রঞ্জকতার শর্ত পালন না করে মাঝখানে মূর্চ্ছনা যোগ করা হত। এইসময় মূর্চ্ছনার ব্যাখ্যা দাঁড়িয়েছিল.-

'আরোহশ্চাব-রোহশ্চ স্বরাণাং জায়তে যদা
তাং মূর্চ্ছনা তথালাকে আহুর্গ্রামাশ্রয়াং বুধাঃ'

এবং পূর্বতন ব্যাখ্যা—'ক্রমাত্‌স্বরাণাং সপ্তনামারোহশ্চাবরোহণম্‌', অনেকটাই পাল্টে গিয়েছিল। মেলের স্বর-স্বরূপ নির্দিষ্ট হওয়ার পর 'মূর্চ্ছনা' থেকে

আরম্ভের স্বরটি স্থির করে এবং বর্জ্যাবর্জ্য স্বর-নিয়ম অনুযায়ী আরোহ-অবরোহ স্থির করে রাগ নির্দিষ্ট করা হত। 'উদ্‌গ্রাহ' তান শুনলেই বোঝা যেত কোন্ রাগ গাওয়া হচ্ছে। এই পদ্ধতিকে মাথায় রেখে এই ক্রমিক পুস্তক-মালায় সাধারণত প্রথমে রাগের 'উঠাও' (উদ্‌গ্রাহ) অর্থাৎ মূর্চ্ছনা বলা হয়েছে এবং তারপর দেখানো হয়েছে তার 'চলন' অর্থাৎ 'অন্তমার্গ'। উদ্‌গ্রাহের পূর্তি অংশগুলি গড়ে উঠত স্বরসমূহ দিয়ে। পরবর্তীকালে এই নিয়মও উঠে যায় এবং মূর্চ্ছনা রচিত হতে থাকে

'মধ্যষড়্‌জং সমারভ্য তদূর্দ্ধ্বস্বর মা ব্রজেত্।

পূর্বৈকৈকস্বরং ত্যক্ত্বাআরোহাদিকমূহ্যতাম্'—এই নিয়ম অনুসারে। এই দৃষ্টিভঙ্গী থেকে বিচার করলে দেখা যায় যে মেল অথবা স্বরান্তর নির্দিষ্ট হয়ে যাওয়ার পর সেই পঙ্‌ক্তিতেই কেবলমাত্র মূর্চ্ছনার পরিবর্তন ঘটিয়ে অর্থাৎ ভিন্ন ভিন্ন গ্রহ-স্বর কল্পনা করে সেটিকে বর্জ্যাবর্জ্য নিয়ম অনুসারে গাইলে রাগ পরিবর্তিত হয়ে যেত। পরবর্তীকালে মেলের ষাড়্‌ব-ঔড়ব স্বরূপ, তার তীব্র-কোমল এবং বর্জ্যাবর্জ্য স্বরনিয়মই হয়ে উঠেছিল রাগত্ব নির্ণয়ের ভিত্তি, উদ্‌গ্রাহ তানের গুরুত্বের অবসান ঘটেছিল এবং অতঃপর রাগের আরোহ অবরোহ ষড়্‌জ থেকে বর্জ্যাবর্জ্যস্বর নিয়ম অনুসারে নির্ণয় করা হত। ক্রমে ক্রমে 'মূর্চ্ছনা'-র পদশ্যায় হয়ে উঠতে শুরু করে 'মেল'। প্রাচীন-কালে যখন জাতি গান চালু ছিল, তখনও ক্রমটি ছিল গ্রামের স্বরপঙক্তি, তার-পর মূর্চ্ছনা, তারপর জাতি—এ-রকম। তখন মূর্চ্ছনার স্বরপঙক্তিগুলি থেকে গ্রহ-অংশ ইত্যাদি বাছাই করে নিলে জাতির গায়ন প্রাপ্ত হওয়া যেত। পরবর্তীকালে এই সম্পূর্ণ পদ্ধতিটিই পিছু হঠতে থাকে এবং সমস্ত রাগ ষড়্‌জ থেকে সৃষ্টি করার পদ্ধতি গৃহীত হয়। পুরনো শব্দগুলির নতুন নতুন অর্থ সামনে আসে এবং সেগুলিতে নতুন নতুন কৌশলও প্রযুক্ত হতে থাকে।

হিন্দুস্থানী সঙ্গীত-পদ্ধতি

॥ কল্যাণ ঠাঠের অন্তর্গত অপ্রচলিত রাগসমূহ ॥

রাগ চন্দ্রকান্ত

গরী সনী ধনী ধপৌ সগৌ রিগৌ ধমৌ গপৌ।
রিসৌ রাত্র্যাং ভবেত্ চন্দ্রকান্তো গাংশোঽগ্রয়ামকে॥

—অভিনবরাগমঞ্জরীয়াম্

জব ইমন কে মেল মেঁ চঢ়ত ন মধ্যম হোই।
গ-নি বাদী-সম্বাদি তেঁ, চন্দ্রকান্ত হৈ সোই॥

—রাগচন্দ্রিকাসার

চন্দ্রকান্ত রাগ কল্যাণ ঠাঠ থেকে উৎপন্ন হয়েছে। এ রাগের আরোহে মধ্যমস্বর বর্জন করা হয়। রাগের জাতি ষাড়ব-সম্পূর্ণ। বাদী স্বর গান্ধার এবং সম্বাদীস্বর নিষাদ। গায়ন-সময় রাত্রির প্রথম প্রহর। পূর্বাঙ্গবাদী রাগ হওয়ার কারণে এ রাগের বৈচিত্র্য পূর্বাঙ্গেই বেশি। বিস্তার প্রায়শ মন্দ্র ও মধ্য-সপ্তকেই বেশি ঘটে। কিছু অংশে শুদ্ধকল্যাণের মতো দেখতে লাগলেও শুদ্ধকল্যাণের আরোহে ম ও নি —এই দুটি স্বর বর্জ হওয়ার কারণে প্রভেদও স্পষ্ট। চন্দ্রকান্তর কাছাকাছি অন্য রাগ ভূপ ও জৈতকল্যাণ—কিন্তু এ দুটি রাগেও ম এবং নি স্বরদুটি একেবারেই বর্জিত। এছাড়া জৈতকল্যাণের বাদী স্বর পঞ্চম। সারাংশ হিসেবে এ কথা বলার আর প্রয়োজন নেই যে উপরের তিনটি রাগের মধ্যে চন্দ্রকান্ত একটি স্বতন্ত্র রাগ।

॥ উঠাও ॥

গ, রে, সা, নি্ধ্, নি্ধ্প্, সা, গ, রেগ, ধমগ, প, রে, সা।

॥ চলন ॥

গরেসা, নি্ধ্প্, ধ্প্, সা, সারেগরেসা ; রেরেসা ; নি্রেগ, রেগ, রেরে, গপরেগ, মগ, পমগ, রেগরেসা ; নি্রেগ, রেসা, রেরেসা, নি্ধ্নি্ধ্প্, পধ্নি্রে, গরে, ধমগপ, রে, নি, রেগরেসা।

চন্দ্রকান্ত—ত্রিতাল

স্থায়ী

সা – নিধ নি ৷ – ধ প প ৷৷ নি রে গ রে ৷ সা – সা –
চন্ ঽ দ্র কান্ ৷৷ ঽ ত স খি ৷ অ তি ম ন ৷৷ ভা ঽ য়ো ঽ
৩ ৷৷ × ৷ ২ ৷৷ ০

৷ রে
সা – গ – ৷৷ গ – র্ম গ ৷৷ নি নি র্ম গপ ৷ রে – নি রেগ
ক ঽ ল্যা ঽ ৷৷ ণী ঽ অং গ ৷৷ বি ম ল রূঽ ৷৷ চা ঽ য়ো ঽঽ
৩ ৷৷ × ৷ ২ ৷ ০

অন্তরা

গ – প ধপ ৷৷ র্সা – র্সা র্সা ৷৷ নি রে র্গ রে ৷ র্সা নি ধ প
বা ঽ দি গন্ ৷ ধা ঽ র ব ৷৷ র জ সু র ৷ ম ঽ ধ্য ম
৩ ৷ × ৷ ২ ৷৷ ০

৷ গ
প – প – ৷ র্ম র্ম গ রে ৷৷ নি নি র্ম গপ ৷৷ রে – নি রেগ
আ ঽ রো ঽ ৷ হ ন মেঁ ঽ ৷ চ তু র দি ৷৷ খা ঽ য়ো ঽঽ ৷
৩ ৷ × ৷ ২ ৷৷ ০

চন্দ্রকান্ত—ত্রিতাল (বিলম্বিত)

স্থায়ী

সারে ॥ ধ্ ধ্ র্ম ॥ র্ম
গগ সা(সা) – নি্ধ্ ॥ নি নি ধ্ পধ্প ॥ প্ নিধ্ সা ,রে
প্যাঽ রেঽ ঽ তোরী॥ ছ বি ঽ মোঽরে ॥ হি য়াঽ মেঁ ঽব
৩ ॥ × ॥ ২
॥ গ রে সা –
॥ স ত হৈ ঽ
॥ ০

নি্ ধ ॥ গ ধ ॥ গ রে
সা – গ ,রে ॥ গ – র্ম গ ॥ ধ – র্ম গপ ॥ রে নি্ রে সা
রৈ ঽ ন ,দি ॥ না ঽ ওয়া কো ॥ মো ঽ হে লঽ ॥ গো ধ্যা ঽ ন।
৩ ॥ × ॥ ২ ॥ ০

অন্তরা

প ॥ নি
গ – প সাধ ॥ সা – সা সা ॥ সা রেঁনি গঁ রেঁ ॥ সা নিধ নিধ প
বে ঽ গি মিঽ ॥ লো ঽ অ ব ॥ র হোঽ ঽ ন ॥ জা ঽঽ ঽঽ ত
৩ ॥ × ॥ ২ ॥ ০
প ধ ॥ প প ॥ গ
গ গ প প ॥ ধ নি পধ প ॥ গ ধ প গপ ॥ রে নি্ রে সা
ত র ক্ষ ত ॥ জ ল বিঽ ন ॥ মী ঽ ন সঽ ॥ মা ঽ ঽ ন।
৩ ॥ × ॥ ২ ॥ ০

রাগ সাওয়নীকল্যাণ

এই রাগ কোথাও কোথাও শুনতে পাওয়া যায়। এ রাগের সম্পূর্ণ নিয়ম এখনো উপলব্ধ হয়নি। এ রাগ গাওয়ার নিয়ম নিশ্চিত করা দরকার। সাওয়নীকল্যাণ কল্যাণ ঠাঠ থেকে উৎপন্ন হয়েছে। শুদ্ধ-কল্যাণের অঙ্গ এ রাগে আছে। প্রায়শ এ রাগের বিস্তার ঘটে মন্দ্র এবং মধ্য-সপ্তকে। বাদী স্বর ষড়জ বলে ধরা হয়ে থাকে। গায়ন-সময় রাত্রির প্রথম প্রহর। আরোহে মধ্যম ও নিষাদ স্বর দুর্বল থাকে। মন্দ্র-ধৈবতে ন্যাস হয়। এই রাগের সাধারণ চলন এইরকম—

গরেসা, ন়িধ়ন়িধ়প়, প়সা, রেগরেসা, সাসামগ, পপধ, পধপগ, রেসাধ়, গরেসা।

সাওয়নীকল্যাণ—তিলওয়াড়া

স্থায়ী

গ
জা

								মং				নি়			
রে	সা	–	সা,ন়িধ়	ন়ি	ধ়	প়	–	প়	সা	–	ধ়	সা	রে	সা	–
ঽ	হূ	ঽ	ত,নঽ	লা	ঽ	গে	ঽ	ওয়া	হূ	ঽ	ঽ	জা	ঽ	নে	ঽ
৩				×				২				০			

নি সা ‖ গ ‖ গ ‖ ধ
সা মগ প — ‖ প — গ রে ‖ রে গ — রে ‖ সা (সা) — ধ
ঔ রক হূ ঽ ‖ জা ঽ ঽ ঽ ‖ ঽ ঽ ঽ ঽ ‖ নে ঽ ঽ ঽ
৩ ‖ × ‖ ২ ‖ ০

(অথবা)

‖ গ
‖ প গ — রে ‖
‖ জা ঽ ঽ ঽ ‖
‖ ×

অন্তরা

গ প ‖ র্ম ‖ গ প ‖
প গ প — ‖ প ধ প — ‖ প গ — গপ ‖ গ রে সা —
হ ম রে ঽ ‖ ম ন কী ঽ ‖ কা ঽ ঽ হুন ‖ জা ঽ নে ঽ
৩ ‖ × ‖ ২ ‖ ০

নি সা ‖ গ প ‖ গ প
সা মগ প প ‖ প ধ প — ‖ প গ — প ‖ গ রে সা ধ
ওয়া ঽঽ হূ ন ‖ জা ঽ নে ঽ ‖ ম ন ঽ ঽ ‖ জা ঽ নে ঽ
৩ ‖ × ‖ ২ ‖ ০

ধ
গ রে সা সা,নিধ‖
জা ঽ হূ ত,নঽ ‖
৩

———

সাওয়নীকল্যাণ—ত্রিতাল

স্থায়ী

সা রে
গ সা নি় ধ় ॥ নি় ধ় প় প় ॥ প় সা সা সা ॥ সা রে সা —
স ব স খি ॥ য়াঁ ঽ মি ল ॥ মং ঽ গ ল ॥ গা ঽ ওয়ো ঽ

৩ ॥ × ॥ ২ ॥ ০

সা — গ গ ॥ প প ধ প ॥ প ধ প ধ ॥ প গরেসা সা ধ়

সা ঽ ওয় ন ॥ মো রে ম ন ॥ সু খ উ প ॥ জা ঽঽঽ য়ো ঽ ।

৩ ॥ × ॥ ২ ॥ ০

অন্তরা

প — র্সা র্সা ॥ র্সা — র্সা — ॥ র্সা — নি নিধ ॥ নি ধ প প

মে ঽ চ ক ॥ ল্যা ঽ ণী ঽ ॥ মে ঽ ল ঽম ॥ নো ঽ হ র

৩ ॥ × ॥ ২ ॥ ০

প প প প ॥ ধ ধ প প ॥ প গ গ প ॥ গ রেসা সা ধ়

ম নি ঠু র ॥ ব ল অ নু ॥ লো ঽ ম দি ॥ খা ঽঽ ওয়ো ঽ

৩ ॥ × ॥ ২ ॥ ০

সারে
গগ সা — নি়ধ় ॥ নি় ধ় প়ধ় প় ॥ প় সা — সাসা ॥ সা রে সা —

স ব ঽ সখি ॥ য়াঁ ঽ মি ল ॥ মং ঽ ঽ গল ॥ গা ঽ ওয়ো ঽ ।

৩ ॥ × ॥ ২ ॥ ০

———

রাগ জৈতকল্যাণ

সগৌ পগৌ পধপগা রিসৌ পগৌ পধৌ চ গঃ।
জয়ত্ কল্যাণকঃ পাংশো গেয়ো রাত্রিমুখে বুধৈঃ॥
—অভিনবরাগমঞ্জরীয়াম্।

জৈতকল্যাণ কল্যাণ ঠাঠ থেকে উৎপন্ন কল্যাণেরই আর এক প্রকারভেদ। এখানে মধ্যম ও নিষাদ স্বর বর্জিত হয়, অর্থাৎ এ-রাগের জাতি ঔড়ুব-ঔড়ুব। বাদী স্বর পঞ্চম। এ-রাগের আরোহে 'গ-প' এবং অবরোহে 'ধ-গ' স্বরের সঙ্গতি অত্যন্ত মনোরঞ্জনী এবং তা রাগবাচকও বটে যাঁরা এ-বিষয়ে জানেন-বোঝেন, তাঁরা এরকমও বলে থাকেন যে আরোহে ঋষভ ও ধৈবত স্বর এখানে সামান্য পরিমাণে গ্রহণ করা যায়। বাদী স্বরের পার্থক্যে এই রাগ ভূপালী থেকে আলাদা করা সম্ভব। 'জৈত' নামে আর একটি রাগের প্রচলন আছে, কিন্তু তা জৈতকল্যাণের থেকে ভিন্ন।

॥ উঠাও ॥

সা, গ, পগ, পধপগ, রেসা, পগ, পধগ।

॥ চলন ॥

সা, গপরে, সা, সা, রেসা, সাসাগগপ, প, পধগ, পধপরে, সাসারেসা,

প, সা, রেসা, গপ, প, পধগ, পপসাঁ, সাঁ, রেঁসাঁ, সাধসাঁ, রেঁসা, প, গপধসাঁ, প, পধগ।

জৈতকল্যাণ—ঝাঁপতাল (মধ্য লয়)

স্থায়ী

ৰ্ম পা । ॥ গ
প গ ॥ প পধ প ॥ রে — ॥ সা রে সা
জ য় ॥ জ য়ঽ ভ ॥ বা ঽ ॥ নি প তি
× ॥ ২ ॥ ০ ॥ ৩

॥ প ॥ ৰ্ম
সা সা ॥ গ প প ॥ প প ॥ প ধ গ
জ য় ॥ পন্ ঽ চ ॥ ব দ ॥ না ঽ ঽ ।
× ॥ ১ ॥ ০ ॥ ৩

অন্তরা

ৰ্ম
প প ॥ র্সা — র্সা ॥ র্সা — ॥ র্সা রেঁ র্সা
ন ম ॥ ন ঽ ক ॥ রে ঽ ॥ চ তু র
× ॥ ২ ॥ ০ ॥ ৩

র্সা র্সা ॥ র্সা র্সা রেঁ ॥ র্সা র্সা ॥ প প গ
ভা ঽ ॥ ব ধ র ॥ সু ধ ॥ অন্ ত র
× ॥ ১ ॥ ০ ॥ ৩

॥ প
সা সা ॥ গ প প ॥ প — ॥ প প ধগ
জ গ ॥ ত ঽ নি ॥ স্তা ঽ ॥ র না ঽঽ
× ॥ ২ ॥ ০ ॥ ৩

জৈতকল্যাণ—ত্রিতাল (বিলম্বিত)

স্থায়ী

গ প । গ গ ॥ গ প

প পগ গপ ধপ ॥ রে – সা সা । রে সা প পগ ॥ প – ধ গ

জৈ ऽসো জাऽ কোऽ ॥ ভা ऽ ব, চ । তু র ওয়া কোऽ ॥ দী ऽ স ত

৩ । × ॥ ২ ॥ ०

অন্তরা

গ । ধ ॥ নি

প – সা -সা ॥ সা – রেঁ সা ॥ সা ধ সা রেঁ ॥ (সা) – (প) গ

এ ऽ ক ऽক । হে ऽ ওয়া কো ॥ এ ऽ ক হু । দী ऽ স ত

৩ । × ॥ ২ ॥ ०

ধ প প । গ প সা ॥ প

সা – গ গ । প – সা রে ॥ সা – প পগ ॥ প – ধ গ

নে ऽ ক ক ॥ হে ऽ ওয়া কো ॥ নে ऽ ক দিऽ ॥ খা ऽ ওয় ত ।

৩ । × ॥ ২ ॥ ०

———

জৈতকল্যাণ—তিলওয়াড়া (বিলম্বিত)

স্থায়ী

প প গ ॥ প ॥ নি প প ॥ র্ম র্ম
গপ ধপ রেরে, সারে॥ সা — গ পগ ॥ সা গ গ প ॥ প — প -,ধগ
অতি হিস রস, রস ॥ মা ऽ তা ऽऽ ॥ ব ন রা ऽ ॥ আ ऽ য়া ऽ,ऽऽ
৩ ॥ × ॥ ২ ॥ ০

(অথবা)

॥ নি প প ॥ র্ম
॥ সা গ গ প ॥ — প প ধম
॥ ব ন রা ऽ ॥ ऽ আ য়া ऽऽ
॥ ২ ॥ ০

অন্তরা

প ॥ নি ॥ নি
গ প সা সা ॥ সা — সা ,সা ॥ সা রে সা — ॥ সা সা (প) পগ
ধ ন ধ ন ॥ ভা ऽ গ ,ব ॥ নী ऽ কে ऽ ॥ ম ন রং গऽ
৩ ॥ × ॥ ২ ॥ ০

রে প প ॥ ধ গপ ॥ গ ॥ র্ম র্ম
সা গ গ প ॥ সাধ সা — পধ ॥ প — — গ ॥ প — প ধগ
জি ন ঐ ऽ ॥ সৌऽ ऽ ऽ বর ॥ পা ऽ ऽ ऽ ॥ য়া ऽ ऽ ऽऽ
৩ ॥ × ॥ ২ ॥ ০

———

জৈতকল্যাণ—ত্রিতাল (মধ্য লয়)

স্থায়ী

প
গ
মে

প গপ ॥ গ সা ॥ পৃ
প গ পধ প ॥ রে রে সা রে ॥ সা — ধ্ পৃ ॥ সা — রে সা
রী সু রং঱ গ ॥ চু ন রী ঽ ॥ য়া ঽ বো ঽ ॥ রী ঽ স ব
৩ ॥ × ॥ ২ ॥ ০

নি প ॥ ম প ॥ প প ॥ গ প
সা সা গ প ॥ প প ধগ প ॥ সা —(প)গ গপ॥ রে — সা গ
অ ব না ঽ ॥খেলঁ তোঽ সোঁ॥ কা ঽ নৃহঽ মৈঁঽ॥ হো ঽ রী, মে ।
৩ ॥ × ॥ ২ ॥ ০

অন্তরা

ম ॥ নি
প প সা র্সা ॥ — র্সা রে র্সা ॥ র্সা — রে সা ॥ — প প গ
নি প ট ঢী ॥ ঽ ট ননৃদ ॥ রা ঽ য় লা ॥ ঽ ড়ি লো ঽ
৩ ॥ × ॥ ২ ॥ ০

গ প সা ॥ প ॥ গ প
সা — গ প ॥ প — সা রে ॥ সা —পগ গপ ॥ রে — সা, গ
কা ঽ হে ক ॥ রো ঽ হ ম ॥ সে ঽ বঽ রঽ ॥ জো ঽ রী, মে ।
৩ ॥ × ॥ ২ ॥ ০

———

জৈতকল্যাণ—আড়াচৌতাল

স্থায়ী

॥ সা
গ প ॥ ধ প ॥ গ রে ॥ সা – ॥ প গ ॥ প প ॥ প ধ
অ ত ॥ ত ন ॥ দে রে ॥ না ঽ ॥ দী ঽ ॥ ঽ মৃত ॥ দা নী
৩ ॥ ০ ॥ ৪ ॥ ০ ॥ × ॥ ২ ॥ ০

॥ সা
গ প ॥ ধ প ॥ গ রে ॥ সা – ॥ প গ ॥ প প ॥ প গ
অ ত ॥ ত ন ॥ দে রে ॥ না ঽ ॥ দী ঽ ॥ ঽ মৃত ॥ দি য়া
৩ ॥ ০ ॥ ৪ ॥ ০ ॥ × ॥ ২ ॥ ০

প – ॥ গ রে ॥ সা সা ॥ পৃ সা ॥ সা গ ॥ প গ ॥ প ধ
না ঽ ॥ রে ঽ ॥ দা নী ॥ উ দা ॥ নি দা ॥ নি ত ॥ দা নী
৩ ॥ ০ ॥ ৪ ॥ ০ ॥ × ॥ ২ ॥ ০

অন্তরা

গ প ॥ প র্সা ॥ – প ॥ প ধ ॥ গ প ॥ ধ প ॥ গ রে
না দি ॥ দি র্দী ॥ ঽ মৃত ॥ ন ন ॥ ন ন ॥ দে রে ॥ না ঽ
৩ ॥ ০ ॥ ৪ ॥ ০ ॥ × ॥ ২ ॥ ০

॥ সা
সা সা ॥ পৃ – ॥ সা – ॥ পৃ সা ॥ সা গ ॥ প প ॥ প ধ
তা রে ॥ দা ঽ ॥ নী ঽ ॥ তা না ॥ দে রে ॥ না ত ॥ দা নী
৩ ॥ ০ ॥ ৪ ॥ ০ ॥ × ॥ ২ ॥ ০

———

জৈতকল্যাণ—চৌতাল (বিলম্বিত)

স্থায়ী

সা
গা

পা। গা॥
— গ ॥ প প ॥ প — ॥ গ প ॥ প প ॥ গ প
ऽ গ ॥ ऽ রি ॥ য়া ऽ ॥ ऽ ছু ॥ ওয় ন ॥ ऽ ऽ
৩ ॥ ৪ । × ॥ ০ ॥ ২ ॥ ০

। ধ্ প ॥
গ রে ॥ সা — ॥ সা ধ্ ॥ সা গ ॥ প রে । সা সা
তো ऽ ॥ হে ऽ ॥ কৈ ऽ ॥ সে দে ॥ ऽ ऽ ॥ উঁ, গা।
৩ ॥ ৪ ॥ × ॥ ০ ॥ ২ । ০

অন্তরা

গ ॥ ধ
প — ॥ সা সা ॥ — রে ॥ সা সা ॥ সা ধ ॥ সা রেঁ
বা ऽ । ট ঘা ॥ ऽ ট ॥ প র ॥ রো ऽ ॥ ক ত
× । ০ ॥ ২ ॥ ০ । ৩ ॥ ৪

॥ গ ॥ ধ্ ॥ প
সাঁ — । প গ ॥ সা — ॥ গ প ॥ প ধ । প —
টো ऽ । ক ত ॥ ছী ऽ ॥ ক ত ॥ প নি ॥ য়াঁ ऽ
× ॥ ০ ॥ ২ ॥ ০ ॥ ৩ ॥ ৪

গ
প — । গ প ॥ গ রে ॥ সা, সা ॥
না ऽ ॥ ऽ ऽ ॥ লে ऽ ॥ হুঁ, গা ॥
× । ০ ॥ ২ ॥ ০

———

জৈতকল্যাণ—ধমার (বিলম্বিত)

স্থায়ী

গ
প – গ
ফা ঽ ঽ

প গপ । সা
গ প পধ প ॥ গ রে – সা – ॥ – – ॥ রে সা –
ঽ ঽ গুঽ ন ॥ আ ঽ ঽ য়ো ঽ ॥ ঽ ঽ ॥ এ রী ঽ
৩ ॥ × ॥ ২ ॥ ০

॥ ম॑ ॥ নি সা
সা ধ্ প্ – ॥ প্ সা ধ্ সা – ॥ – – ॥ সা গ গ
মা ঽ ঈ ঽ ॥ পি য়া ঽ সোঁ ঽ ॥ ঽ ঽ ॥ র হ স
৩ ॥ × ॥ ২ ॥ ০

গ ॥ প ধ ॥ প
গ প ধগ প ॥ সা – – প গ ॥ গ প ॥ গ রে সা
র হ সঽ ঽ ॥ খে ঽ ঽ লুঁ ঽ ॥ গী ধ ॥ মা ঽ র
৩ ॥ × ॥ ২ ॥ ০

ম॑ গপ
প গ পধ প ॥
ফা ঽ গুঽ ন ॥
৩

অন্তরা

প
গপ
লেগু

সাঁ – ধ সাঁ – । সাঁ সাঁ ॥ সাঁ সাঁ – । সাঁ – – –
লা ঽ ঽ ল ঽ । মু খ ॥ রু চি ঽ । সোঁ ঽ ঽ ঽ
× ॥ ২ ॥ ॥ ৩

নি সা ॥ নি সা ॥ র্ম
সা ধ – সা – ॥ সাঁ সা ॥ সা রে সা ॥ প – ধ গ
মী ড় ঽ গী ঽ ॥ ওয়া কো । চো ঽ ওয়া ॥ চন্ ঽ দ ন
× ॥ ২ ॥ ০ ॥ ৩

প সাঁ ॥ র্ম ॥ গ
গ প সা ধ – ॥ সা সা ॥ প গ প ॥ রে – সা –
অং গ ল গা ঽ ॥ ঽ এ । চন্ ঽ ঽ । দ ঽ ন ঽ
। ২ ॥ ॥ ৩

নি সা ॥ ধ ॥ র্ম ॥ গপ
সা রে – সা – ॥ প প ॥ প ধ গ । প গ পধ প
গ রে ঽ ডা ঽ । রঁ গী ॥ হা ঽ র । ফা ঽ গুঽ ন
× ॥ ২ । ০ ॥ ৩

———

রাগ শ্যামকল্যাণ

শ্যামো ভবতিবিলসন্মদ্বয়শ্চান্যতীব্রঃ।
প্রারোহে ধৈবতবিরহিতঃ ষড়্‌জবাদী তথাস্মিন্‌।
সম্বাদী চ প্রকৃতিরুচিরো মধ্যমঃ সম্প্রদিষ্টঃ।
পূর্বে যামে সরস মতিভির্গীয়তেঽসৌ নিশায়াম্‌॥

—রাগকল্পদ্রুমাঙ্কুরে।

মরী নিসৌ রিমৌ পশ্চ ধপৌ মরী নিসৌ তথা।
পূর্বযামে ভবেদ্রাত্র্যাং শ্যামাস্যো রিপশভিনঃ॥

—অভিনবরাগমঞ্জরীয়াম্‌

মধ্যম দো, তীবর সবহি, ধৈবত চঢ়ত ন লীন্‌হ।
স-ম বাদী-সম্বাদি তেঁ শ্যাম রাগ কহি দীন্‌হ॥

—রাগচন্দ্রিকাসার।

শ্যামকল্যাণ রাগ কল্যাণ ঠাঠ থেকে উদ্ভূত হয়েছে। কেউ কেউ তাকে শুধু 'শ্যাম' নামেই ডাকেন। এ-ও কল্যাণের আর-এক প্রকার। এখানে দুটি মধ্যমেরই প্রয়োগ হয়। আরোহে ধৈবত স্বর বর্জ্য। বাদী স্বর ষড়্‌জ এবং সম্বাদী মধ্যম। কারো কারো মতে বাদী স্বর ঋষভ। কোথাও কোথাও এরকম শোনাও যায়। এ-রাগের উঠাও-এ কামোদের অঙ্গ স্পষ্টই দেখা যায়, তথাপি এখানে কামোদের মতো নি এবং গ-স্বরের স্বল্পতা ঘটে না। এ-রাগে নিষাদস্বর স্পষ্ট এবং বলিষ্ঠভাবে প্রযুক্ত হয়। এ-কারণেই তা কামোদের থেকে ভিন্ন। শ্যামকল্যাণে 'রে-ম' সংগীতের রাগবাচক। কামোদে-ও এরকম 'রে-প' সঙ্গতি আছে। 'মরে' স্বর-সঙ্গতিতে এ-রাগে মল্লারের আভাস এসে যায়, তবু নিষাদের স্পষ্ট প্রয়োগে তা মল্লার থেকে আলাদাও করা সম্ভব। কারো কারো মত যে এ-রাগের উৎপত্তি হমীর, গৌড়সারঙ্গ ও কেদার রাগের মিশ্রণে ঘটেছে।

———

॥ উঠাও ॥

মরে, নিসা, রে, মপ, ধপ, মরে, নিসা।

॥ চলন ॥

সা, রে, মপ, পধপ, মপধপ, মরে, নিসা, রেমপ, গমরে, নি, সা।

শ্যামকল্যাণ—ত্রিতাল (দ্রুত)

স্থায়ী

গম	পধ	পম	গম	॥	পগ	ম	রে	সা	॥	রে	—	সা	সা	॥	রে	—	নি	সা
স্যাঽ	ঽঽ	ঽঽ	ঽঽ	॥	ঽঽ	ঽ	ম	ক	॥	ল্যা	ঽ	ঽ	ণ	॥	গা	ঽ	ওয়	ত
০				॥	৩				॥	×				॥	২			

ম	ম	প	প	॥	ম	প	ধ	প	॥	ধ	—	—	ম	॥	প	—	ম	গ
নি	স	দি	ন	॥	চ	তু	র	গু	॥	নী	ঽ	ঽ	ঽ	॥	ঽ	ঽ	ঽ	ঽ
০				॥	৩				॥	×				॥	২			

অন্তরা

প	—	র্সা	র্সা	॥	র্সা	—	র্সা	—	॥	প	নি	র্সা	রে	॥	র্সা	নি	ধ	প
মে	ঽ	ল	ক	॥	ল্যা	ঽ	নী	ঽ	॥	অং	ঽ	শ	খ	॥	র	জ	ক	র
০				॥	৩				॥	×				॥	২			

ম	—	প	প	॥	ম	প	ধ	প	॥	ধ	—	—	ম	॥	প	—	ম	গ
ম	ঽ	ধ্য	ম	॥	জু	গ	ল	গু	॥	নী	ঽ	ঽ	ঽ	॥	ঽ	ঽ	ঽ	ঽ
০				॥	৩				॥	×				॥	২			

শ্যামকল্যাণ—ঝাঁপতাল (মধ্য লয়)

স্থায়ী

গ ॥ রে

প — ॥ মগ ম রে ॥ সা রে ॥ নি় সা সা

সু ঽ ॥ নোঽ ঽ অ ॥ হো ঽ ॥ শ্যা ঽ ম

× ॥ ২ ॥ ০ ॥ ৩

প প ॥ ॥ ধ

র্ম র্ম ॥ প — ধ ॥ প ধ ॥ র্ম প মগ

ই ত ॥ নী ঽ মো ॥ রী বি ॥ ন ঽ তীঽ

× ॥ ২ ॥ ০ ॥ ৩

অন্তরা

র্ম ॥ নি সা

প — ॥ সা — সা ॥ সা — ॥ সা রেঁ সা

ক ঽ ॥ ল্যা ঽ ণ ॥ কে ঽ ॥ সং ঽ গ

× ॥ ২ ॥ ০ ॥ ৩

নি ॥ সা

সা ধ ॥ সা — রে ॥ সা সা ॥ ধ নি় প

কা ঽ ॥ মো ঽ দ ॥ কো মি ॥ লা ঽ য়

× ॥ ২ ॥ ০ ॥ ৩

প ॥ প ॥ ধ

র্ম — ॥ র্ম প প ॥ প নি ॥ র্ম প প

গা ঽ ॥ ও ঽ চ ॥ তু র ॥ রু ঽ প

× ॥ ২ ॥ ০ ॥ ৩

প   প ॥ প   ॥ ধ
ম   ম ॥ ম   প   ধ ॥ প   ধ ॥ ম   প   মগ
ই   ত ॥ নী   ঽ   ক ॥ হী   ঽ ॥ মো   ঽ   রীঽ
×   ॥ ২   ॥ ০   ॥ ৩

———

শ্যামকল্যাণ—ঝাঁপতাল (মধ্য লয়)

স্থায়ী

রে   রে   ॥ ম   ॥ প
ম   রে ॥ সারে   নি   সা ॥ রে   — ॥ ম   প   প
ঝ   ল ॥ নঽ   আ   হিঁ ॥ ডো   ঽ ॥ রে   স   ব
×   ॥ ২   ॥ ০   ॥ ৩

ম   নি   ॥ প   প
প   রেঁ ॥ সাঁ   ধ   প ॥ ম   — ॥ প   ধ   প
স   খী ॥ ন   মি   ল ॥ কে   ঽ ॥ ঽ   অ   ব
×   ॥ ২   ॥ ০   ॥ ৩

অন্তরা

ম   ॥ প
প   প ॥ সাঁ   —   সাঁ ॥ সাঁ   — ॥ রেঁ   সাঁ   —
প   চ ॥ রং   ঽ   গ ॥ পা   ঽ ॥ ট   কী   ঽ
×   ॥ ২   ॥ ০   ॥ ৩

সাঁ   নি ॥   ॥ সাঁ
ধ   ধ ॥ সাঁ   —   রেঁ ॥ সাঁ   — ॥ ধ   নি   প
ডো   ঽ ॥ রে   ঽ   জ ॥ হাঁ   ঽ ॥ নন্   ঽ   দ
×   ॥ ২   ॥ ০   ॥ ৩

ধ
প প ॥ রে সা — ॥ সাঁ ধ । নি প প
কুঁ ওয় ॥ র প্যা ऽ ॥ রে ऽ ॥ ऽ ऽ ঝু
× ॥ ২ ॥ ॰ ॥ ৩

প ॥ ধ
মঁ — । প ধ — ॥ মঁ — ॥ প ধ প
লা ऽ ॥ ওয় ত ऽ ॥ হৈঁ ऽ ॥ ऽ জ ব
× ॥ ২ ॥ ॰ ॥ ৩

রে সা
ম রে ॥ সা নি, সা ॥ স্থায়ীর অনুসারী
ঝ্ ল ॥ ন আ, হিঁ ।
× ॥ ২

———

শ্যামকল্যাণ—ত্রিতাল

স্থায়ী

গম পধ মঁপ গম ॥ পধ মরে নিসা রে ॥ নি — সা — ॥ রে — নি সা
সা ऽ ऽ ऽ । ऽ ऽ ওয়ন কী । সাঁ ऽ ऽ ऽ ॥ ঝ ऽ ऽ ऽ
০ ॥ ৩ ॥ × ॥ ২

মঁ — প — । মঁ প ধ প ॥ ধ — মঁ — ॥ প — ম গ
মো ऽ কো ऽ । সু খ দ ভ । ঈ ऽ ऽ ऽ ॥ ऽ ऽ ऽ ऽ ।
॰ ॥ ৩ ॥ × ॥ ২

অন্তরা

ম গ প প ॥ র্সা – – – ॥ রেঁ র্সা নি ধনি ॥ র্ম ধ প –
আ ঽ নন্ দ ॥ কী ঽ ঽ ঽ ॥ ত রং ঽ গ ॥ মো ঽ কো ঽ
০ ॥ ৩ ॥ × ॥ ২

র্ম র্ম প – ॥ র্ম প ধ প ॥ ধ – র্ম – ॥ প – ম গ
উ ঠ ত ঽ ॥ ন ঈ ঽ ন ॥ ঈ ঽ ঽ ঽ ॥ ঽ ঽ ঽ ঽ
০ ॥ ৩ ॥ × ॥ ২

শ্যামকল্যাণ—ত্রিতাল

স্থায়ী

॥ সা
গম পধ র্মপ গম ॥ মগ মরে নিসা রে- ॥ নি – সা – ॥ নি – সা –
নীন্ঽ দন আঽ ওয়ত॥পিয়া বিন দেঽ খেঽ ॥ আ ঽ লী ঽ ॥ ঁম ঽ কা ঽ
০ ॥ ৩ ॥ × ॥ ২

প ॥ প প ॥ প
র্ম – প – ॥ র্ম প ধ প ॥ ধ – র্ম – ॥ প – ম গ
কৈ ঽ সে ঽ ॥ প রে অ ব ॥ চৈ ঽ ঽ ঽ ॥ ঽ ঽ ন ঽ
০ ॥ ৩ ॥ × ॥ ২

